- ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (ডিএমআরটিডিপি)-এর অধীন নির্মিতব্য মেট্রোরেল রুটের মিরপুর-১০ হতে শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয় পর্যন্ত সড়কে বিদ্যমান ১″ ব্যাস হতে ১৬″ ব্যাস বিতরণ গ্যাস পাইপলাইন ও সার্ভিস লাইন স্থানান্তর কাজ, আগারগাঁও স্ট্যাটিসটিকস রোড হতে সিপি-৪ প্রান্ত (শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়) পর্যন্ত এলাকায় রাস্তায় পূর্বপার্শ্বের কমন ট্রেঞ্চ কাটার কাজ এবং মিরপুর-১০ হতে আগারগাঁও স্ট্যাটিসটিকস রোড পর্যন্ত সড়কে বিদ্যমান ৩/৪″ ব্যাস হতে ৮″ ব্যাস বিতরণ গ্যাস পাইপলাইন ও সার্ভিস লাইন স্থানান্তর কাজ;
- নবীনগর-ডিইপিজেড-কালিয়াকৈর (চন্দ্রা) জাতীয় মহাসড়কের ৮ কি.মি. অংশে শেখ ফজিলাতুন্নেছা মুজিব মেমোরিয়াল কেপিজে নার্সিং কলেজ ও হাসপাতাল এর সম্মুখে সওজ কর্তৃক আন্ডারপাস নির্মাণস্থলে কোম্পানির বিদ্যমান গ্যাস পাইপলাইন অপসারণ/স্থানান্তর কাজ;
- দৌলতকান্দী, ভৈরব এলাকায় রেলওয়ে ট্র্যাক অতিক্রমকারী ১৬″ ব্যাস গ্যাস পাইপলাইনের কেসিং পাইপ সম্প্রসারণ কাজ, পুবাইল ও মীরের বাজার, টঙ্গী এলাকায় রেলওয়ে ট্র্যাক অতিক্রমকারী ৬″ ব্যাস গ্যাস পাইপলাইনের কেসিং পাইপ সম্প্রসারণ কাজ ও সেওরাইট-কালীগঞ্জ রোড বরাবর রেলওয়ে ট্র্যাক অতিক্রমকারী ৮″ ব্যাস গ্যাস পাইপলাইন পুনর্বাসন কাজ; এবং
- কুড়িল ফ্লাইওভারের পুর্বাচল সড়কগামী লুপ-৪ এর র‍্যাম্প এর সম্মুখস্থ দুইটি ১৬″ ব্যাস × ১৪০ পিএসআইজি গ্যাস পাইপলাইন ভাল্‌ভ্ প্রতিস্থাপন/পুন:স্থাপন কাজ।

পূর্ত কার্যক্রম :

২০১৭-১৮ অর্থবছরে সম্পন্নকৃত পূর্ত কার্যক্রমের বিবরণ নিম্নে প্রদত্ত হল:

- তিতাস গ্যাস আদর্শ উচ্চ বিদ্যালয় এর অডিটোরিয়ামের শব্দের প্রতিধ্বনি রোধে অভ্যন্তরীণ সাজ-সজ্জার কাজ;
- টিএন্ডডি ঘোড়াশাল শাখার আওতাধীন জিপিএস আরএমএস এর অভ্যন্তরীণ প্রধান রাস্তা উঁচুকরণসহ অন্যান্য কাজ;
- ময়মনসিংহ অফিসের জন্য ক্রয়কৃত জমির সীমানা প্রাচীর নির্মাণ ও মাটি ভরাট কাজ (২য় পর্যায়);
- আবিবি-নরসিংদী কার্যালয়ের সীমানা প্রাচীরের উচ্চতা বৃদ্ধিকরণ, সিলিন্ড্রিক্যাল কাঁটাতার স্থাপনসহ অন্যান্য কাজ;
- ধামরাই ডিআরএস এবং তেজগাঁও টিবিএস এর সীমানা প্রাচীরের উচ্চতা বৃদ্ধিকরণসহ অন্যান্য কাজ;
- গোদনাইল ডিআরএস এর আনসার শেড নির্মাণ;
- প্রধান কার্যালয় ভবনের বিভিন্ন তলায় বিভিন্ন বিভাগের জন্য দেওয়াল আলমিরা নির্মাণ;
- গাজীপুর সিজিএস এলাকার সম্মুখভাগের সীমানা দেওয়াল পুনর্নির্মাণ, উচ্চতা বৃদ্ধিকরণ এবং সিলিন্ড্রিক্যাল কাঁটাতার স্থাপনসহ অন্যান্য কাজ এবং
- মিরপুর-১০ গোলচত্বরে অবস্থিত ডিআরএস এর সীমানা প্রাচীর উঁচুকরণ ও ক্ষতিগ্রস্ত শেড পুনর্নির্মাণ কাজ।

বিদ্যুৎ কেন্দ্রে গ্যাস সরবরাহ কার্যক্রম :

২০১৭-১৮ অর্থবছরে নিম্নলিখিত নতুন বিদ্যুৎ কেন্দ্রসমূহে গ্যাস সরবরাহ করা হয়েছে :

- ইলেকট্রিসিটি জেনারেশন কোম্পানি অব বাংলাদেশ লিমিটেড (ইজিসিবি)-এর সিদ্ধিরগঞ্জ ৩৩৫ মেগাওয়াট কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র।

শ্রীপুর হতে জয়দেবপুর সিজিএস পর্যন্ত গ্যাস সঞ্চালন পাইপলাইন নির্মাণ প্রকল্প :

ঘোড়াশাল টিবিএস হতে জয়দেবপুর পর্যন্ত ১৯৮৫ সনে ১৪″ ব্যাস × ১০০০ পিএসআইজি × ২৪ কিলোমিটার সঞ্চালন লাইন নির্মাণ করে জয়দেবপুর সিজিএস এ গ্যাস সরবরাহ করা হচ্ছিল। কিন্তু আশুগঞ্জ, নরসিংদী ও ঘোড়াশাল এলাকায় বিদ্যুৎ, সার ও শিল্পসহ বিভিন্ন শ্রেণির গ্রাহক বৃদ্ধি পাওয়ায় গ্যাস ব্যবহার বেড়ে যায়। এছাড়া, জয়দেবপুর সিজিএস এর নিয়ন্ত্রণাধীন গাজীপুর, শ্রীপুর, টঙ্গী, চন্দ্রা, মানিকগঞ্জ, মির্জাপুর ও সাভারসহ বিভিন্ন এলাকায় সকল শ্রেণির গ্রাহক বৃদ্ধি পাওয়ায় গ্যাসের চাহিদা মাত্রাতিরিক্ত হারে বৃদ্ধি পায়। এ সমস্যা নিরসনের লক্ষ্যে শ্রীপুরস্থ গারারান নামক স্থানে জিটিসিএল এর ৩০″ ব্যাস × ১০০০ পিএসআইজি ভাল্‌ভ্‌ স্টেশনের ১২″ ব্যাসের অফটেক ভাল্‌ভ্‌ হতে জয়দেবপুর সিজিএস পর্যন্ত কোম্পানির নিজস্ব অর্থায়নে ২০″ ব্যাস × ১০০০ পিএসআইজি × ৩০ কিলোমিটার সঞ্চালন লাইন নির্মাণ এবং জয়দেবপুরে বিদ্যমান সিজিএস এর বর্তমান গ্যাস সরবরাহ ক্ষমতা ১৪০ এমএমসিএফডি হতে ৩০০ এমএমসিএফডি-তে উন্নীতকরণের জন্য ১টি নতুন সিটি গেট স্টেশন নির্মাণ সমাপ্ত হয়েছে। প্রকল্পটি বাস্তবায়িত হওয়ায় ইতোমধ্যে উল্লিখিত এলাকায় গ্যাসের স্বল্পচাপ সমস্যার আশানুরূপ উন্নতি হয়েছে। নির্মিত পাইপ লাইনের সোর্স পয়েন্ট অর্থাৎ গারারান ভাল্‌ভ্‌ স্টেশনে গ্যাসের চাপ ১০০০ পিএসআইজি অপেক্ষা কম থাকায় ডিজাইন ক্যাপাসিটি ৩০০ এমএমসিএফডি-তে গ্যাস সরবরাহ করা সম্ভব হচ্ছে না। সোর্স পয়েন্ট-এ গ্যাসের চাপ বৃদ্ধি তথা ডিজাইন চাপ ১০০০ পিএসআইজি-তে গ্যাস সরবরাহ করা হলে বর্ণিত এলাকাসমূহে গ্যাসের বর্ধিত চাহিদা পূরণ করা সম্ভব হবে।



শ্রীপুর-জয়দেবপুর পাইপলাইন নির্মাণ প্রকল্পের আওতায় নির্মিত সঞ্চালন পাইপলাইনে গ্যাস কমিশনিংয়ের একটি দৃশ্য

গাজীপুর-এ তিতাস গ্যাস টি এন্ড ডি কোম্পানি লিমিটেড এর ডিভিশনাল অফিস ভবন নির্মাণ প্রকল্প :

তিতাস গ্যাস ট্রান্সমিসন এন্ড ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড-এর আঞ্চলিক বিপণন ডিভিশন (গাজীপুর) এলাকায় মাসিক প্রায় ৩৫০ এমএমসিএম গ্যাস বিক্রয়ের মাধ্যমে প্রায় ২১০ কোটি টাকা রাজস্ব অর্জিত হয়। বর্তমানে এলাকাটি শিল্পসমৃদ্ধ অঞ্চলে পরিণত হয়েছে। দিন দিন গ্রাহক সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। উক্ত এলাকায় গ্রাহকদের সার্বিক সেবা প্রদানের লক্ষ্যে বিভিন্ন সময়ে জনবল বৃদ্ধি করা হয়েছে, কিন্তু সে অনুযায়ী অফিসের পরিসর বৃদ্ধি করা হয়নি। জয়দেবপুর সিজিএস কম্পাউন্ডে প্রায় ৩০ বছর পূর্বে নির্মিত ৭,১৪০ বর্গফুট আয়তনের ভবন দ্বারা জয়দেবপুর ডিভিশনের আওতাধীন এলাকায় গ্যাস বিপণন, রাজস্ব আদায়, অপারেশনাল কার্যক্রমসহ অন্যান্য কার্যাদি সুচারুরূপে পরিচালনা করা সম্ভব না হওয়ায় কোম্পানির নিজস্ব জমিতে ও নিজস্ব অর্থায়নে ১৪.৫১ কোটি টাকা (চৌদ্দ কোটি একান্ন লক্ষ) মাত্র ব্যয়ে ১৪তলা ভিতসহ ৪তলা ডিভিশনাল অফিস ভবন নির্মাণের একটি প্রকল্প গত ১৯ অক্টোবর ২০১৫ তারিখে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ হতে অনুমোদিত হয়। অনুমোদিত ডিপিপি অনুযায়ী প্রকল্পের মেয়াদকাল জুলাই ২০১৫ হতে ৩০ জুন ২০১৮ পর্যন্ত। প্রকল্পের পূর্ত নির্মাণ কাজ সম্পাদনের জন্য ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স জামাল এন্ড কোম্পানি এবং মার্ক বিল্ডার্স লিমিটেড (জেভি)-কে ১০.৯৯ কোটি টাকা (দশ কোটি নিরানব্বই লক্ষ) মাত্র মূল্যে ৫ অক্টোবর ২০১৬ তারিখে কার্যাদেশ প্রদান করা হয় ও ১০ অক্টোবর ২০১৬ তারিখে সাইট হস্তান্তর করা হয়। প্রকল্পটি ৩০ জুন ২০১৮-এ সফলভাবে সমাপ্ত হয়েছে।

বাস্তবায়নাধীন উন্নয়ন কার্যক্রম ও প্রকল্প

বিতরণ নেটওয়ার্ক পুনর্বাসন কার্যক্রম :

২০১৭-১৮ অর্থবছরে চলমান পাইপলাইন প্রতিস্থাপন/পুনর্বাসন কার্যক্রম :

- ঢাকা শহরের বিভিন্ন এলাকায় গ্যাসের স্বল্পচাপ সমস্যা নিরসনকল্পে ১″ হতে ৪″ ব্যাসের ৫০ পিএসআইজি গ্যাস পাইপলাইন প্রতিস্থাপন ও সংশ্লিষ্ট সার্ভিস লাইন নির্মাণ এবং লিকেজযুক্ত গ্যাস পাইপলাইন স্থানান্তর/আইসোলেশন/টাই-ইন কাজ ;
- ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (ডিএমআরটিডিপি)-এর অধীন নির্মিতব্য মেট্রোরেল রুটের আগারগাঁও (সিপি-৪) হতে কাওরানবাজার পর্যন্ত এলাকায় বিদ্যমান ৩/৪″ ব্যাস হতে ১৬″ ব্যাস বিতরণ গ্যাস পাইপলাইন ও সার্ভিস লাইন স্থানান্তর ;
- ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (ডিএমআরটিডিপি)-এর অধীন নির্মিতব্য মেট্রোরেল রুটের কাওরানবাজার হতে মতিঝিল পর্যন্ত এলাকায় বিদ্যমান ৩/৪″ ব্যাস হতে ১৬″ ব্যাস বিতরণ গ্যাস পাইপলাইন ও সার্ভিস লাইন স্থানান্তর ;
- পানগাঁও থেকে কেরাণীগঞ্জ বিসিক পর্যন্ত ১২″ ব্যাস × ১৪০ পিএসআইজি ২০.৩২ কি.মি. পাইপলাইন নির্মাণ;
- গজারিয়াস্থ টিবিএস হতে আব্দুল মোনেম লিঃ বেসরকারি অর্থনৈতিক অঞ্চল পর্যন্ত ১২″ ব্যাস × ১৪০ পিএসআইজি ৮ কি.মি. গ্যাস বিতরণ পাইপলাইন নির্মাণ ;
- গজারিয়া টিবিএস নির্মাণ, ফেব্রিকেশন ও মডিফিকেশন ;
- সাসেক (গাজীপুর-চন্দ্রা-টাঙ্গাইল) প্রকল্পের চেইনেজ ১৬+৬০০ কি.মি. হতে ১৮+৮০০ কি.মি. সড়ক অংশে বিভিন্ন ব্যাসের পাইপলাইন স্থানান্তর, পুনর্বাসন/পুন:স্থাপন ;
- সাসেক (গাজীপুর-চন্দ্রা-টাঙ্গাইল) প্রকল্পের চেইনেজ ১৪+০০০ কি.মি. হতে ৬৯+০০০ কি.মি. সড়ক অংশে ১২৪ টি ভাল্‌ভ্ (পিটসহ) স্থানান্তর, পুনর্বাসন/পুন:স্থাপন;
- ময়মনসিংহ শহরের সদর থানা মোড় হতে ট্রাঙ্কপট্টি রোড বরাবর ক্ষতিগ্রস্ত ২″ ও ৩″ ব্যাস × ৫০ পিএসআইজি ৩৬০ মিটার বিতরণ পাইপলাইন পুনর্বাসন/পুন:স্থাপন;

- নারায়ণগঞ্জস্থ বন্দর উপজেলাধীন উত্তর লক্ষণখোলা এলাকায় ৩/৪″, ১″ ও ৪″ ব্যাস × ৫০ পিএসআইজি ৯০ মিটার বিতরণ/সার্ভিস পাইপলাইন স্থানান্তর;
- গোমতি সেতুর উত্তর পাড় সংলগ্ন এলাকায় বিদ্যমান ৮″ ব্যাস × ৫০ পিএসআইজি ৩৭২ মিটার ও ৩″ ব্যাস × ৫০ পিএসআইজি ৩৩৬ মিটার গ্যাস পাইপলাইন পুনর্নির্মাণ/স্থানান্তর;
- মেঘনা সেতুর দক্ষিণ পাড় সংলগ্ন এলাকায় বিদ্যমান ৮″ ব্যাস × ৫০ পিএসআইজি ৭৬৮ মিটার গ্যাস পাইপলাইন পুনর্নির্মাণ/স্থানান্তর;
- কেরানীগঞ্জস্থ চুনকুটিয়া এলাকায় নির্মিতব্য ওয়াটার মেইন ট্রান্সমিশন লাইনের এ্যালাইনমেন্ট-এ বিদ্যমান ৮″ ব্যাস × ৫০ পিএসআইজি ৭৪ মিটার, ৪″ ব্যাস × ৫০ পিএসআইজি ২০ মিটার ও ২″ ব্যাস × ৫০ পিএসআইজি ৫৬ মিটার গ্যাস পাইপলাইন পুনর্নির্মাণ/স্থানান্তর কাজ; এবং
- সোনারগাঁও এবং জিটিসিএল মেঘনাঘাট টিবিএস মডিফিকেশন।

বাস্তবায়নাধীন পূর্ত কার্যক্রম :

- কেন্দ্রীয় গোডাউন সংলগ্ন মাল্টিপারপাস তিনতলা অফিস ভবন নির্মাণ;
- ডেমরা সিজিএস এলাকায় অবস্থিত তিতাস গ্যাস আদর্শ উচ্চ বিদ্যালয়ের আসবাবপত্র তৈরী ও সরবরাহ;
- হাজারীবাগ ডিআরএস এর সীমানা প্রাচীর নির্মাণ;
- দনিয়াস্থ কোম্পানির নিজস্ব জায়গায় অফিস ভবন নির্মাণ (প্রথম পর্যায়);
- দনিয়া ডিআরএস এলাকার বিদ্যমান জমিতে ৬তলা ভিতসহ ৩তলা অফিসার্স এবং স্টাফ কোয়ার্টার নির্মাণ;
- টাঙ্গাইলের এলেঙ্গা টিবিএস-এ ৫তলা ভিতসহ ৩তলা অফিস-কাম রেস্ট হাউজ নির্মাণ;
- নরসিংদী, চিনিশপুর অফিস কমপ্লেক্স-এ রেকর্ড-কাম-স্টোর ভবন নির্মাণ;
- তিতাস অধিভুক্ত কদমতলী ডিআরএস, ঘাটাইল, গোপালপুর (টাঙ্গাইল), কিশোরগঞ্জ, পুবাইল ভাল্‌ভ্‌ স্টেশন ও ধনুয়া টিবিএস এলাকায় ৬টি সিপি কক্ষ নির্মাণ; এবং
- জরুরী গ্যাস নিয়ন্ত্রণ শাখা-উত্তর এর প্রয়োজনীয় মালামাল সংরক্ষণের জন্য ১টি সেমি পাকা শেড নির্মাণ কাজ।

বিদ্যুৎ কেন্দ্রে গ্যাস সরবরাহ কার্যক্রম :

- সামিট মেঘনাঘাট পাওয়ার কোম্পানি লি.-এর ৩০৫ মেগাওয়াট ডুয়েল ফুয়েল কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্রে গ্যাস সরবরাহ কাজ প্রক্রিয়াধীন রয়েছে।

Installation of Pre-paid Gas Meter প্রকল্প :

জাপান সরকারের ৩৫তম ওডিএ ঋণ প্যাকেজভুক্ত **Natural Gas Efficiency Project (BD-P78)** এর অধীনে জাইকা, জিওবি ও টিজিটিডিসিএল-এর অর্থায়নে "প্রি-পেইড গ্যাস মিটার স্থাপন **(Installation of Pre-paid Gas Meter for TGTDCL)**" শীর্ষক প্রকল্প বাস্তবায়নাধীন রয়েছে। প্রকল্পের আওতায় ঢাকা শহরের গুলশান, বনানী, বারিধারা, বসুন্ধরা, বাড্ডা, তেজগাঁও, ক্যান্টনমেন্ট, কাফরুল, মিরপুর, খিলক্ষেত, উত্তরা ও তৎসংলগ্ন এলাকায় ২,০০,০০০ (দুই লক্ষ) আবাসিক প্রি-পেইড গ্যাস মিটার পর্যায়ক্রমে স্থাপন কার্যক্রম চলমান। প্রকল্পের অনুমোদিত মোট ব্যয় ৭১২.০৯৯ কোটি টাকা (জাইকা ৪৫৩.১০৬ কোটি টাকা, জিওবি ২৩৬.৭৪৫ কোটি টাকা এবং নিজস্ব অর্থায়ন ২২.২৪৮ কোটি টাকা) এবং মেয়াদ জানুয়ারি ২০১৫ থেকে ডিসেম্বর ২০১৮।

প্রকল্পের মূল উদ্দেশ্য হচ্ছে বাংলাদেশে প্রাকৃতিক গ্যাসের যথাযথ ব্যবহার ও সরবরাহ তথা টেকসই উন্নয়ন নিশ্চিতকরণ। অন্যান্য উদ্দেশ্যসমূহ হচ্ছে ঢাকা মেট্রোপলিটন এলাকাতে আবাসিক খাতে সিস্টেম লস কমিয়ে আনা এবং ব্যবস্থাপনা ও

তদারকি সংক্রান্ত ব্যয় কমিয়ে আনা। এছাড়াও অত্যাধুনিক প্রিপেমেন্ট সিস্টেমের মাধ্যমে সার্বক্ষণিক তথ্য গ্রহণের সহজ লভ্যতা, উন্নততর গ্রাহক সেবা, গ্যাস ব্যবহারে নিরবচ্ছিন্ন নিরাপত্তা ও সুরক্ষা এবং ভবিষ্যৎ প্রজন্মের জন্য প্রাকৃতিক গ্যাস সংরক্ষণ নিশ্চিতের পাশাপাশি গ্রাহকের গ্যাস বিল অনেক সাশ্রয় হবে।

প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে বৈদেশিক পরামর্শক প্রতিষ্ঠান **Pegasus International (UK) Ltd.**-এর সাথে ০৭ অক্টোবর ২০১৫ তারিখে চুক্তি স্বাক্ষরিত হয় এবং ১৯ অক্টোবর ২০১৫ তারিখে পরামর্শকগণ কাজে যোগদান করেন। ১৬ মার্চ ২০১৭ তারিখে টিজিটিডিসিএল ও ঠিকাদার প্রতিষ্ঠান **Toyokeiki Co. Ltd., Japan**-এর মধ্যে একটি **Engineering, Procurement & Construction (EPC)** চুক্তি স্বাক্ষরিত হয় এবং জাইকার সম্মতির পরিপ্রেক্ষিতে ২০ মার্চ ২০১৭ হতে চুক্তি কার্যকর হয়েছে। ১৭ সেপ্টেম্বর ২০১৭ তারিখ হতে গ্রাহক আঙ্গিনায় মিটার স্থাপন কার্যক্রম শুরু হয় এবং বর্তমানে ৪৮টি টিম মিটার স্থাপনের কাজে নিয়োজিত আছে। জুন ২০১৮ পর্যন্ত ১৪টি লটে মোট ৭৯,৯২০টি মিটার এসেছে, ৯৪,৭৫৪ জন গ্রাহকের জরিপ কার্যক্রম সম্পন্ন হয়েছে এবং গ্রাহক আঙ্গিনায় ৪৮,৫৪৬টি মিটার স্থাপন করা হয়েছে। এছাড়া, **Data Center** এবং **Disaster Recovery Center** এর পুর্ত ও ইলেক্ট্রিক্যাল কাজ সম্পন্নক্রমে হার্ডওয়্যার ও সফটওয়্যার ইন্সটলেশন করতঃ ২০ জুন ২০১৮ তারিখে ওয়েব সিস্টেম কমিশনিং ও গ্রাহক আঙ্গিনায় স্থাপিত মিটার প্রিপেইড মোডে এ্যাকটিভেট করা শুরু হয়েছে। পরবর্তীতে গ্রাহক আঙ্গিনায় মিটার স্থাপন করার সাথে সাথেই প্রিপেইড মিটার এ্যাকটিভেট করা সম্ভব হবে।

সহজে কার্ড রিচার্জের সুবিধা প্রদানের লক্ষ্যে **POS (Point of Sales)** পরিচালনার জন্য **United Commercial Bank (UCB) Limited** এর সাথে চুক্তি স্বাক্ষরিত হয়েছে। চুক্তির আলোকে, প্রিপেমেন্ট সিস্টেমে অত্যাধুনিক প্রিপেইড কার্ড **(NFC=Near Field Communication)** ব্যবহারের মাধ্যমে **UCB** এর নির্দিষ্ট শাখায় ও **Ucash** এজেন্ট ব্যাংকিং পদ্ধতিতে সার্বক্ষণিক সেবার আওতায় গ্রাহকগণ সহজে কার্ড রিচার্জ করতে পারবেন।

উল্লেখ্য, ২০১৭-১৮ অর্থবছরের আরএডিপি অনুযায়ী প্রকল্পের অনুকূলে বরাদ্দকৃত অর্থ ১৪,৮০০.০০ লক্ষ টাকার বিপরীতে ১৪,৯০৯.১৩ লক্ষ টাকা ব্যয় হয়েছে অর্থাৎ ২০১৭-১৮ অর্থবছরে বরাদ্দের বিপরীতে আর্থিক অগ্রগতি ১০০.৭৪%। আর এ যাবত প্রকল্পের বাস্তব অগ্রগতি প্রায় ৬০%।



প্রি-পেইড মিটার গ্রাহকগণকে কার্ড রিচার্জ সুবিধা প্রদানের লক্ষ্যে ইউসিবিএল ও তিতাস গ্যাস-এর মধ্যে চুক্তি স্বাক্ষর অনুষ্ঠান

টিজিটিডিসিএল-এর প্রাকৃতিক গ্যাস সঞ্চালন ও বিতরণ সক্ষমতা উন্নয়ন প্রকল্প :

তিতাস অধিভুক্ত সাভার, ধামরাই, মানিকগঞ্জ, সাটুরিয়া, আরিচা ও তৎসংলগ্ন এলাকায় গ্যাসের সরবরাহ বৃদ্ধি, গ্যাসের স্বল্পচাপ সমস্যা দূরীকরণ এবং শিল্পায়ন ত্বরান্বিতকরণের লক্ষ্যে কোম্পানির নিজস্ব অর্থায়নে এ প্রকল্পটি গ্রহণ করা হয়েছে। এ প্রকল্পের আওতায় এলেঙ্গা হতে মানিকগঞ্জ পর্যন্ত ২০″ ব্যাস × ১০০০ পিএসআইজি ৬০ কি.মি. সঞ্চালন লাইন ও মানিকগঞ্জ হতে ধামরাই পর্যন্ত ২০″ ব্যাস × ৩০০ পিএসআইজি × ২৫ কি.মি. বিতরণ মেইন লাইন নির্মাণ এবং মানিকগঞ্জে একটি নতুন সিজিএস নির্মাণ, ধামরাই এ একটি নতুন টিবিএস নির্মাণ ও নরসিংদী ভাল্‌ভ্ স্টেশন নং ১২-এর মডিফিকেশন করতঃ বিদ্যমান ও নতুন গ্রাহকদের গ্যাস সরবরাহের জন্য ক্যাপাসিটি উন্নয়ন, মিটারিং ব্যবস্থা ও লোড ব্যবস্থাপনা সুবিধাদি প্রবর্তন করা হবে। প্রকল্পটি বাস্তবায়িত হলে তিতাস অধিভুক্ত এলাকায় কোম্পানির গ্যাসের সঞ্চালন ও বিতরণ ক্ষমতা বৃদ্ধি পাবে। প্রকল্পটি কোম্পানির নিজস্ব অর্থায়নে বাস্তবায়নের জন্য অর্থ বিভাগের মনিটরিং সেল হতে ছাড়পত্র (লিকুইডিটি সার্টিফিকেট) সংগ্রহ করা হয়েছে এবং আউটসোর্সিং পদ্ধতিতে এ প্রকল্পের রুট সার্ভে, আইইই ও ইআইএ সম্পন্ন হয়েছে। বর্তমানে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের প্রকল্প যাচাই কমিটির সিদ্ধান্ত/সুপারিশ অনুযায়ী পরিকল্পনা কমিশনে প্রেরণের লক্ষ্যে প্রকল্পটির ডিপিপি পুনর্গঠন প্রক্রিয়াধীন আছে।

Clean Development Mechanism (CDM) প্রকল্প :

UNFCCC (United Nations Framework Convention on Climate Change)-তে নিবন্ধিত Clean Development Mechanism (CDM)-প্রকল্পের আওতায় ভূমির উপরিভাগে স্থাপিত গ্যাস (Riser/RMS) হতে প্রাকৃতিক গ্যাস তথা Green House Gas (GHG) নিঃসরণ হ্রাস করা হয়। প্রকল্পের চুক্তি ও PDD (Project Design Document) মোতাবেক NE Climate A/S, Denmark (Investor) এর সহায়তায় তিতাস গ্যাস ট্রান্সমিসন এন্ড ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (Host) কর্তৃক Baseline Study পর্যায়ে সর্বমোট ৫,৬৫,৯৩৮টি রাইজার/আরএমএস Gas Surveyor দ্বারা পরীক্ষণ করা হচ্ছে। এতে মোট ৩৪,৭৯০টি আবাসিক রাইজার, ১৫২টি বাণিজ্যিক আরএমএস এবং ২টি শিল্প আরএমএস লিকেজযুক্ত পাওয়া যায়, যা মেরামতের মাধ্যমে সর্বমোট ৮,৬৯,৩৭১ CFH বা ২০.৮৬ MMCFD গ্যাস লিকেজ বন্ধ করা সম্ভব হয়েছে। বর্তমানে মেরামতকৃত রাইজারসমূহে পুনরায় গ্যাস লিকেজ সৃষ্ট হয়েছে কি-না তা পরীক্ষাপূর্বক মেরামতের লক্ষ্যে ফেব্রুয়ারি-২০১৮ হতে Monitoring কার্যক্রম পরিচালনা করা হচ্ছে এবং জুন ২০১৮ পর্যন্ত মোট ১৩,৫৪০টি রাইজার/আরএমএস পরীক্ষায় শুধুমাত্র ২৩৩টি রাইজারে প্রমাণ পরিমাণ গ্যাস লিকেজ পুনরাবির্ভূত হওয়ায় তা মেরামত করা হয়েছে। উল্লেখ্য, সাশ্রয়কৃত গ্যাস শিল্পখাতে ব্যবহার করে দেশজ উৎপাদন (GDP) বৃদ্ধি এবং Green House Gas (GHG) গ্যাস নিঃসরণ কমিয়ে পরিবেশ রক্ষার পাশাপাশি হ্রাসকৃত লিকেজ গ্যাসের (মিথেন) পরিমাণকে tCO_2e বা CERs হিসাবে বিক্রয়ের মাধ্যমে পরবর্তী ১০ (দশ) বছর পর্যন্ত বৈদেশিক মুদ্রা অর্জন করা সম্ভব হবে।



সিডিএম প্রকল্পের মনিটরিং কাজের একটি দৃশ্য

ভবিষ্যৎ উন্নয়ন কার্যক্রম ও প্রকল্প

সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ,

আমি এখন ভবিষ্যতে বাস্তবায়নের জন্য যে সকল কার্যক্রম/প্রকল্প হাতে নেয়া হয়েছে, তার সংক্ষিপ্ত বিবরণ আপনাদের অবগতির জন্য উপস্থাপন করছি :

বিতরণ নেটওয়ার্ক পুনর্বাসন কার্যক্রম :

সরকারের বিভিন্ন জনগুরুত্বপূর্ণ উন্নয়ন প্রকল্প বাস্তবায়নে কোম্পানির বিদ্যমান পাইপলাইন স্থানান্তর/পুনর্বাসন কাজ:

ক্র. নং	প্রকল্প/কাজের নাম	প্রকল্পের অবস্থান	বাস্তবায়নকারী সংস্থা	কার্যক্রমের বর্তমান অবস্থা
০১	শান্তিনগর-মাওয়া ফ্লাইওভার প্রকল্প	শান্তিনগর-মাওয়া	রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ	প্রকল্প দপ্তরের প্রেরিত নক্সায় কোম্পানির বিদ্যমান স্থাপনাসমূহের অবস্থান প্রদর্শনপূর্বক পুনর্বাসনের নিমিত্ত প্রাথমিক হালনাগাদ প্রাক্কলন প্রকল্প দপ্তরে প্রেরণ করা হয়েছে।
০২	ঢাকা - সিলেট সড়ক ৪-লেন উন্নীতকরণ প্রকল্প (কাঁচপুর - ভৈরব অংশ)	নারায়ণগঞ্জ - নরসিংদী	সড়ক ও জনপথ অধিদপ্তর	প্রকল্পের বিশদ নক্সা প্রেরণের জন্য পত্র দেয়া হয়েছে। নক্সা প্রেরণ করা হলে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে।
০৩	বিআরটি (এয়ারপোর্ট - গাজীপুর)	এয়ারপোর্ট - গাজীপুর	ঢাকা যানবাহন সমন্বয় কর্তৃপক্ষ	পাইপ লাইন নির্মাণের জন্য প্রকল্প দপ্তরে নক্সা ও প্রাক্কলন প্রেরণ করা হয়েছে।
০৪	বিআরটি - ৩ (এয়ারপোর্ট - কেরানীগঞ্জ)	এয়ারপোর্ট - মহাখালী-গুলিস্তান - কেরানীগঞ্জ	ঢাকা যানবাহন সমন্বয় কর্তৃপক্ষ	প্রকল্প দপ্তরের প্রেরিত নক্সায় কোম্পানির বিদ্যমান স্থাপনাসমূহের অবস্থান প্রদর্শনপূর্বক প্রকল্প দপ্তরে প্রেরণ করা হয়েছে। পুনর্বাসনের প্রয়োজনীয়তা সাপেক্ষে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে।
০৫	ঢাকা বাইপাস সড়ক ৪-লেন উন্নীতকরণ প্রকল্প	জয়দেবপুর বাইপাস - চিটাগাং রোড	পিপিপি, সড়ক ও জনপথ অধিদপ্তর	প্রকল্পের বিশদ নক্সা প্রেরণের জন্য পত্র দেয়া হয়েছে। নক্সা প্রেরণ করা হলে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে।
০৬	যানজট নিরসনে আন্ডারপাস ও ইউটার্ন নির্মাণ (সর্বমোট ১০ টি) প্রকল্প	মিরপুর, ফকিরাপুল, শাহবাগ, সাইন্সল্যাব	ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন	প্রকল্পের বিশদ নক্সা প্রেরণের জন্য পত্র দেয়া হয়েছে। নক্সা প্রেরণ করা হলে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে।
০৭	ঢাকা - খুলনা মহাসড়ক (এন-৮) উন্নয়ন প্রকল্প	যাত্রাবাড়ী - মাওয়া	বাংলাদেশ সেনাবাহিনী	প্রকল্পের অ্যালাইনমেন্টে বিদ্যমান বিভিন্ন ব্যাসের পাইপ লাইন স্থানান্তরের কাজ প্রক্রিয়াধীন আছে।
০৮	কমন ইউটিলিটি ট্যানেল	এয়ারপোর্ট- ফার্মগেট - শাহবাগ - মৎস ভবন	ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন	প্রকল্পের বিশদ নক্সা প্রেরণের জন্য পত্র দেয়া হয়েছে। নক্সা প্রেরণ করা হলে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে।

পূর্ত ও অভ্যন্তরীণ সাজসজ্জা কার্যক্রম :

২০১৭-১৮ অর্থবছরে কোম্পানির নিজস্ব অর্থায়নে নিম্নলিখিত উল্লেখযোগ্য কাজসমূহ বাস্তবায়নের পরিকল্পনা রয়েছে:

- প্রধান কার্যালয় ভবনের দ্বিতীয় তলায় কনফারেন্স রুম, মিটিং রুম নির্মাণসহ অভ্যন্তরীণ সাজ-সজ্জার কাজ;
- মিরপুর মাজার রোড এলাকায় বিদ্যমান জমির মাস্টারপ্ল্যান প্রণয়ন করে অফিস ও আবাসিক ভবন নির্মাণের লক্ষ্যে উপদেষ্টা প্রতিষ্ঠান নিয়োগ ;
- কদমতলী ডিআরএস এলাকায় ৪তলার ভিতসহ দোতলা কন্ট্রোল ভবন নির্মাণ ;
- দনিয়াস্থ কোম্পানির নিজস্ব জায়গায় কর্মকর্তা ও কর্মচারী আবাস ভবন উর্ধ্বমূখী সম্প্রসারণ ;
- সাভার অফিস ভবন নির্মাণ ;
- দনিয়াস্থ কোম্পানির নিজস্ব জায়গায় অফিস ভবন উর্ধ্বমূখী সম্প্রসারণ ;
- ডেমরায় কেন্দ্রীয় ভাণ্ডার বিভাগের মালামাল সংরক্ষণের জন্য কম্পোজিট স্টিল স্ট্রাকচারের ওয়্যারহাউজ নির্মাণ ;
- জোবিঅ ভালুকার জন্য অফিস ভবন নির্মাণ ; এবং
- তিতাস অধিভুক্ত এলাকার বিভিন্ন স্থানে সীমানা প্রচীর নির্মাণ, পুনর্নির্মাণ, উচ্চতা বৃদ্ধিকরণ, সীমানা প্রাচীর প্রটেকশন ও মাটিভরাট, রাস্তা, ওয়াকওয়ে ও ড্রেনেজ, নিরাপত্তা কক্ষ/চৌকি, ক্রু-রুম ও আনসার শেড, ডিআরএস/টিবিএস এর পাইপ সাপোর্ট ও মেঝে পাকা করণ ইত্যাদি নির্মাণ কাজ।

বিদ্যুৎ কেন্দ্রে গ্যাস সরবরাহ কার্যক্রম :

- রিলায়েন্স বাংলাদেশ এলএনজি এন্ড পাওয়ার লিঃ (রিলায়েন্স পাওয়ার লিঃ)-এর প্রস্তাবিত ৭১৮ মেগাওয়াট কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্রে গ্যাস সরবরাহের জন্য চুক্তি সম্পাদন প্রক্রিয়াধীন রয়েছে।
- সামিট মেঘনাঘাট-২ পাওয়ার কোম্পানি লি.-এর ৫৮৩ মেগাওয়াট ডুয়েল ফুয়েল কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্রে গ্যাস সরবরাহের জন্য চুক্তি সম্পাদন প্রক্রিয়াধীন রয়েছে।
- ইউনিক মেঘনাঘাট পাওয়ার লি.-এর ৫৮৪ মেগাওয়াট কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্রে গ্যাস সরবরাহের জন্য চুকতি সম্পাদন প্রক্রিয়াধীন রয়েছে।
- মিয়েজ (এমআইইজেড) পাওয়ার লি.-এর ৭৩.০৪ মেগাওয়াট বিদ্যুৎ কেন্দ্রে গ্যাস সরবরাহের জন্য চুক্তি সম্পাদন প্রক্রিয়াধীন রয়েছে।
- মেঘনা ইকোনোমিক জোন পাওয়ার লি.-এর ৭৩.০৪ মেগাওয়াট বিদ্যুৎ কেন্দ্রে গ্যাস সরবরাহের জন্য চুক্তি সম্পাদন প্রক্রিয়াধীন রয়েছে।

কোম্পানির নিজস্ব অর্থায়নে বাস্তবায়িতব্য "সাসেক সড়ক সংযোগ প্রকল্পে জয়দেবপুর-এলেঙ্গা ৪-লেন মহাসড়ক বরাবর টিজিটিডিসিএল এর বিদ্যমান গ্যাস নেটওয়ার্ক প্রতিস্থাপন" প্রকল্প :

সড়ক ও জনপথ অধিদপ্তর কর্তৃক SASEC সংযোগ সড়ক প্রকল্পের আওতায় জয়দেবপুরের ভোগড়া বাইপাস হতে নাওজুরী, কোনাবাড়ী, চন্দ্রা, কালিয়াকৈর, মির্জাপুর, টাঙ্গাইল বাইপাস হয়ে টাঙ্গাইলের এলেঙ্গা পর্যন্ত বিদ্যমান সড়কটিকে মাঝখানে ডিভাইডারসহ উভয়পার্শ্বে সম্প্রসারণ করে ৪-লেন বিশিষ্ট জাতীয় মহাসড়কে উন্নীতকরণের ফলে কোম্পানির বিদ্যমান বিতরণ লাইনসমূহ মহাসড়কের মাঝামাঝি পড়ে যাওয়ায় ঝুঁকিপূর্ণ হয়ে পড়েছে। এ প্রেক্ষিতে পাইপলাইন সংক্রান্ত নিরাপত্তা ঝুঁকি হ্রাস, পাইপলাইন রক্ষণাবেক্ষণ সহজীকরণ, নতুন গ্রাহক সংযোগ ও লোড বৃদ্ধির ক্ষেত্রে সংযোগ প্রদানের জটিলতা এড়িয়ে গ্রাহক প্রান্তে নিরবচ্ছিন্ন গ্যাস সরবরাহ নিশ্চিত করা ও গ্রাহক সেবা সহজীকরণের লক্ষ্যে কোম্পানির নিজস্ব অর্থায়নে এ

প্রকল্পটি গ্রহণের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। এ প্রকল্পের আওতায় ঢাকা-টাঙ্গাইল ৪-লেন বিশিষ্ট জাতীয় মহাসড়কের উভয় পার্শ্বে কোম্পানির বিদ্যমান বিতরণ লাইনসমূহ স্থানান্তর করা হবে। বর্তমানে প্রকল্পটি কোম্পানির নিজস্ব অর্থায়নে বাস্তবায়নের লক্ষ্যে সম্ভাব্যতা যাচাই (Feasibility Study) এর কার্যক্রম চলমান রয়েছে।

জয়দেবপুর-ময়মনসিংহ ৪-লেন মহাসড়কে টিজিটিডিসিএল এর বিদ্যমান গ্যাস নেটওয়ার্ক প্রতিস্থাপন প্রকল্প:

সড়ক ও জনপথ অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন জয়দেবপুর-ময়মনসিংহ সড়ক উন্নয়ন প্রকল্পের আওতায় জয়দেবপুর মোড় হতে ময়মনসিংহ মেডিকেল কলেজ মোড় পর্যন্ত রাস্তা ৪-লেন বিশিষ্ট জাতীয় মহাসড়কে উন্নীতকরণের ফলে কোম্পানির বিদ্যমান বিতরণ লাইনসমূহ মহাসড়কের মাঝামাঝি পড়ে যাওয়ায় ঝুঁকিপূর্ণ হয়ে পড়েছে। এ প্রেক্ষিতে পাইপলাইন সংক্রান্ত নিরাপত্তা ঝুঁকি হ্রাস, পাইপলাইন রক্ষণাবেক্ষণ সহজীকরণ, নতুন গ্রাহক সংযোগ ও লোড বৃদ্ধির ক্ষেত্রে সংযোগ প্রদানের জটিলতা এড়িয়ে গ্রাহক প্রান্তে নিরবচ্ছিন্ন গ্যাস সরবরাহ নিশ্চিত করা ও গ্রাহক সেবা সহজীকরণের লক্ষ্যে কোম্পানির নিজস্ব অর্থায়নে এ প্রকল্পটি গ্রহণের পরিকল্পনা গৃহীত হয়েছে। বর্তমানে প্রকল্পটি কোম্পানির নিজস্ব অর্থায়নে বাস্তবায়নের লক্ষ্যে সম্ভাব্যতা যাচাই (Feasibility Study) এর কার্যক্রম চলমান রয়েছে।

Implementation of GIS MAP in Titas Franchise Area প্রকল্প :

কোম্পানিতে "Geographical Information System (GIS)" প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে এ কোম্পানির মেট্রো ঢাকা বিপণন বিভাগ-৫ এর কিছু সংখ্যক পাইপলাইন নেটওয়ার্ক-এর কী-ম্যাপ নিয়ে Institute of Water Modeling (IWM)-কর্তৃক উক্ত ম্যাপসমূহের GIS ভিত্তিক ডাটাবেজ ফিল্ড ভেরিফিকেশনের মাধ্যমে প্রস্তুতকরণের কার্যক্রম সম্পন্ন করা হয়। ইতঃপূর্বে একই ধরনের প্রকল্প বাস্তবায়নের অভিজ্ঞতার আলোকে IWM কোম্পানির সম্পূর্ণ GIS MAP প্রস্তুতের লক্ষ্যে একটি আনুমানিক প্রাক্কলন, Pilot Phase-এর বিস্তারিত প্রাক্কলন ও অপরাপর Phase সমূহের আনুমানিক প্রাক্কলন Project Proposal (Technical ও Financial Proposal) হিসেবে কোম্পানির নিকট দাখিল করে।

প্রকল্পটি বাস্তবায়নে সিঙ্গেল সোর্স হিসেবে IWM-কে নিয়োজিত করার পরিবর্তে উন্মুক্ত দরপত্র আহবানের মাধ্যমে প্রকল্পটি বাস্তবায়নে কোম্পানি কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয়। প্রকল্পের কাজের পরিধি, তদনুযায়ী দরপত্র দলিল ও কারিগরি বিনির্দেশ, প্রাক্কলন প্রস্তুতকরণ এবং দরপত্র প্রক্রিয়া নির্ধারণের লক্ষ্যে একটি কমিটি গঠন করা হয়েছে। কমিটির সুপারিশের ভিত্তিতে প্রকল্প বাস্তবায়নের পরবর্তী ব্যবস্থা দ্রুত গ্রহণ করা হবে।

তিতাস অধিভুক্ত এলাকায় বেজা'র আওতাধীন অর্থনৈতিক অঞ্চলসমূহে গ্যাস সরবরাহের লক্ষ্যে অবকাঠামো নির্মাণ:

তিতাস অধিভুক্ত এলাকায় বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (বেজা) এর আওতাধীন অর্থনৈতিক অঞ্চলসমূহে অগ্রাধিকার ভিত্তিতে গ্যাস সরবরাহের লক্ষ্যে অবকাঠামো নির্মাণের জন্য গত ১৪ জানুয়ারি ২০১৬ খ্রি. তারিখে বেসরকারি অর্থনৈতিক অঞ্চল আব্দুল মোনেম লি. এবং গত ২৫ জানুয়ারি ২০১৭ তারিখে আরও ৭ (সাত) টি বেসরকারি অর্থনৈতিক অঞ্চল – মেঘনা বেসরকারি অর্থনৈতিক অঞ্চল, মেঘনা ইন্ডাস্ট্রিয়াল অর্থনৈতিক অঞ্চল, আমান অর্থনৈতিক অঞ্চল, আরিশা অর্থনৈতিক অঞ্চল, সোনারগাঁও অর্থনৈতিক অঞ্চল, আকিজ অর্থনৈতিক অঞ্চল ও বে অর্থনৈতিক অঞ্চল, বেজা ও টিজিটিডিসিএল এর মধ্যে আলাদাভাবে ত্রিপক্ষীয় সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষরিত হয়েছে। পরবর্তীতে গত ১৪ নভেম্বর ২০১৭ তারিখে সিটি ইকনোমিক জোনের সাথে ত্রিপক্ষীয় সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষরিত হয়। আব্দুল মোনেম ইকনোমিক জোনের জন্য বিতরণ লাইন ও স্টেশন মডিফিকেশন এবং মেঘনা বেসরকারী ও মেঘনা ইন্ডাস্ট্রিয়াল ইকনোমিক জোনের জন্য মালামাল ক্রয় ও বিতরণ লাইন নির্মাণের লক্ষ্যে ঠিকাদার নিয়োগ করা হয়েছে। আকিজ ইকনোমিক জোনের জন্য গ্রাহক কর্তৃক মালামাল ক্রয় প্রক্রিয়াধীন রয়েছে। এছাড়াও জামালপুর সরকারি ইকনোমিক জোনের জন্য মালামাল ক্রয়ের কার্যাদেশ প্রদান করা হয়েছে ও নির্মাণ কাজের জন্য ঠিকাদার নিয়োগ প্রক্রিয়াধীন রয়েছে। জাপানিজ ইকনোমিক জোনে গ্যাস সরবরাহের লক্ষ্যে গ্যাস অবকাঠামো নির্মাণের জন্য প্রাথমিক ব্যয় প্রাক্কলন বেজায় প্রেরণ করা হয়েছে। এ ইকনোমিক জোনের গ্যাস অবকাঠামো নির্মাণ কাজ বেজা/জাইকার অর্থায়নে সম্পন্ন হবে।

তথ্য প্রযুক্তি উন্নয়ন কার্যক্রম

IT System-এর আধুনিকায়ন :

কোম্পানির সকল পর্যায়ের কার্যক্রমে গতিশীলতা আনয়ন ও গ্রাহক সেবার মান উন্নয়নের লক্ষ্যে কোম্পানিতে আধুনিক ও যুগোপযোগী ওয়েব বেইজড ইন্টিগ্রেটেড সিস্টেম স্থাপন করা হয়েছে। উক্ত সিস্টেম থেকে মিটারযুক্ত, মিটারবিহীন, বাল্কসহ সকল শ্রেণির গ্রাহকদের বিল প্রক্রিয়াকরণ ও লেজার সংরক্ষণের পাশাপাশি কর্মকর্তা ও কর্মচারীদের বেতন, জিপিএফ, ঋণ, বোনাস ও অন্যান্য কার্যক্রম প্রক্রিয়াকরণ করা হচ্ছে। উক্ত সিস্টেম থেকে নিম্নবর্ণিত সুবিধাদি পাওয়া যাচ্ছে :

- গ্রাহকগণ অনলাইন ব্যাংকিং সুবিধা সম্বলিত ব্যাংকসমূহের মাধ্যমে গ্যাস বিল পরিশোধ করলে স্বয়ংক্রিয়ভাবে কেন্দ্রীয় সার্ভারে গ্রাহক লেজার হালনাগাদ হচ্ছে;
- মাসিক গ্যাস বিলের তথ্যাদি সংশ্লিষ্ট রেজিস্টার্ড গ্রাহকগণকে এসএমএস-এর মাধ্যমে জানানো হচ্ছে;
- রেজিস্টার্ড গ্রাহকগণ অনলাইনে তাদের বকেয়া বিলের তথ্যাদি জানতে পারছেন;
- রেজিস্টার্ড গ্রাহকগণ অনলাইনে অভিযোগ দাখিল করতে পারছেন;
- নিজস্ব ডোমেইন এর মাধ্যমে ই-মেইল চালু হয়েছে;
- সকল কর্মকর্তা-কর্মচারীকে তাদের বেতন, বোনাস ইত্যাদি তথ্যাদি এসএমএস-এর মাধ্যমে নিয়মিত জানানো হচ্ছে;
- ইন্টিগ্রেটেড একাউন্টিং সফট্ওয়্যারের মাধ্যমে কোম্পানির বার্ষিক/অর্ধবার্ষিক হিসাবসহ চাহিদা অনুযায়ী বিভিন্ন তথ্য সরবরাহ করা সহজতর এবং নির্ভুলভাবে দ্রুত সময়ের মধ্যে হিসাব চূড়ান্ত করা সম্ভব হচ্ছে;
- কোম্পানির বিভিন্ন শাখা/বিভাগ ভার্চুয়াল প্রাইভেট নেটওয়ার্ক (ভিপিএন) এর মাধ্যমে কেন্দ্রীয় সফট্ওয়্যার ব্যবহার করছে;
- গ্রাহকগণ/সাধারণ জনগণ কল সেন্টার এবং ওয়েবসাইটের মাধ্যমে অভিযোগ জানাতে পারেন; এবং
- শীঘ্রই মোবাইল অপারেটরের মাধ্যমে বিল আদায় এবং ক্রেডিট কার্ড এর মাধ্যমেও বিল পরিশোধ করতে পারবেন। মোবাইল ব্যাংকিং সুবিধার মাধ্যমে যে কোন স্থান হতে বিল প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হবে।

অবৈধ গ্যাস সংযোগ সংক্রান্ত তথ্য

অবৈধ গ্যাস সংযোগ বৈধকরণ :

আবাসিক খাতে অবৈধ গ্যাস সংযোগ বৈধকরণের লক্ষ্যে কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত সময়সীমা (২০ জুন ২০১৩) পর্যন্ত অবৈধ গ্যাস সংযোগ বৈধকরণের জন্য আবেদন গ্রহণ করা হয়েছে। প্রাপ্ত আবেদনের মধ্যে (১) বিদ্যমান সংযোগ হতে হাউজ লাইন বর্ধিত করে অবৈধভাবে চুলা বৃদ্ধি, (২) কোম্পানি কর্তৃক রাইজার উত্তোলন করার পর সংযোগ দেয়া হয়নি, এ রকম রাইজার হতে অবৈধভাবে গ্যাস সংযোগ গ্রহণ করা এবং (৩) বৈধ বিতরণ লাইন থেকে অবৈধ রাইজার উত্তোলন করে সংযোগ গ্রহণকারী আত্মস্বীকৃত অবৈধ (গ্রাহক সংকেত সম্বলিত ও গ্রাহক সংকেত ব্যতীত উভয় ধরনের) গ্যাস সংযোগ - এ তিন শ্রেণির আবেদনকারীর অবৈধ গ্যাস সংযোগ কতিপয় শর্ত প্রতিপালন সাপেক্ষে বৈধ করা হয়েছে। উক্ত কার্যক্রমের আওতায় ২০১৭-১৮ অর্থবছরে ১,৩৫২ চুলা নিয়মিতকরণের ফলে হালনাগাদকৃত মোট চুলার সংখ্যা ৮৪,৫৮৫টি।

অবৈধ গ্যাস সংযোগ বিচ্ছিন্নকরণ/পাইপলাইন অপসারণ :

কোম্পানির উদ্যোগে অবৈধ গ্যাস সংযোগ বিচ্ছিন্নকরণ ও অবৈধ গ্যাস বিতরণ পাইপলাইন অপসারণ কার্যক্রম পরিচালনার জন্য কেন্দ্রীয় টাস্কফোর্স এর মনিটরিং এবং জেলা ও উপজেলা কমিটির তত্ত্বাবধানে অভিযান/মোবাইল কোর্ট পরিচালনা করে

২০১৭-১৮ অর্থবছরে ২২৭টি অভিযানে প্রায় ৬১৩ কিলোমিটার অবৈধ পাইপলাইনের গ্যাস সংযোগ এবং প্রায় ২ লক্ষ ৫৩ হাজার বার্ণারের অবৈধ গ্যাস সংযোগ বিচ্ছিন্ন করা হয়।

অবৈধ গ্যাস সংযোগ গ্রহণকারী ব্যক্তি/প্রতিষ্ঠানের বিরুদ্ধে সংশ্লিষ্ট থানায় জিডি/মামলা করা হচ্ছে। অবৈধ গ্যাস সংযোগের সাথে জড়িত থাকার কারণে কোম্পানির ৫জন কর্মকর্তাকে সতর্কীকরণ/তিরস্কার পত্র প্রদান এবং ২ জন কর্মচারীর বার্ষিক বেতন বৃদ্ধি বাজেয়াপ্তকরণসহ ১ জন কর্মচারীকে চাকরিচ্যুত করা হয়েছে। মোবাইল কোর্টের মাধ্যমে অবৈধ সংযোগ গ্রহণকারী একাধিক ব্যক্তি বা প্রতিষ্ঠানকে অর্থ দন্ডে দন্ডিত করা হয়েছে।

এছাড়া, অবৈধভাবে পাইপলাইন স্থাপন ও অবৈধ সংযোগ গ্রহণ থেকে বিরত থাকার জন্য জাতীয় দৈনিক পত্রিকায় নিয়মিতভাবে সতর্কতামূলক বিজ্ঞপ্তি প্রকাশ করা হচ্ছে। এ ধরনের বিজ্ঞপ্তি প্রচারের ফলে কিছু কিছু এলাকায় অবৈধ সংযোগ গ্রহণকারী ব্যক্তিবর্গ নিজ উদ্যোগে অবৈধ পাইপলাইন অপসারণসহ অবৈধ গ্যাস সংযোগ বিচ্ছিন্ন করছেন। অবৈধ পাইপলাইন অপসারণসহ সংযোগ বিচ্ছিন্নের তথ্যাদি প্রতিনিয়ত প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার মাধ্যমে সর্বসাধারণকে অবহিত করা হচ্ছে। অবৈধ পাইপলাইন অপসারণসহ অবৈধ গ্যাস সংযোগ বিচ্ছিন্নের এ অভিযান অব্যাহত আছে।

কোম্পানির ভিজিল্যান্স/বিপণন/রাজস্ব ডিভিশনের পরিদর্শন টিমের কার্যক্রম :

গ্যাস কারচুপি ও অবৈধ গ্যাস ব্যবহার রোধকল্পে কোম্পানির ভিজিল্যান্স ডিভিশন কর্তৃক শিল্প, সিএনজি, ক্যাপটিভ পাওয়ার, বাণিজ্যিক ও আবাসিক প্রভৃতি শ্রেণির গ্রাহকদের আঙ্গিনা পরিদর্শন/সংযোগ বিচ্ছিন্নকরণ কার্যক্রম পরিচালিত হয়। ভিজিল্যান্স টিমের এ কার্যক্রমের মাধ্যমে ২০১৭-১৮ অর্থবছরে গ্যাস কারচুপি/অবৈধ সংযোগ/অনুমোদন অতিরিক্ত ক্ষমতার স্থাপনায় গ্যাস ব্যবহারের কারণে ৩২টি শিল্প, ১২টি ক্যাপটিভ, ৩টি বাণিজ্যিক ও ২টি আবাসিকসহ মোট ৪৯টি গ্যাস সংযোগ বিচ্ছিন্ন করা হয়েছে।

এছাড়াও, ২০১৭-১৮ অর্থবছরে কোম্পানির বিপণন/রাজস্ব ডিভিশন কর্তৃক শিল্প, সিএনজি, ক্যাপটিভ পাওয়ার, বাণিজ্যিক ও আবাসিক প্রভৃতি শ্রেণির গ্রাহকদের আঙ্গিনা পরিদর্শন/সংযোগ বিচ্ছিন্নকরণ কার্যক্রম পরিচালিত হয়, যার আওতায় গ্যাস কারচুপি/অবৈধ সংযোগ/অনুমোদন অতিরিক্ত ক্ষমতার স্থাপনায় গ্যাস ব্যবহার/বকেয়া বিলের কারণে বিভিন্ন শ্রেণির মোট ৭০,৪৩৬টি গ্যাস সংযোগ বিচ্ছিন্ন করা হয়।

২০১৭-১৮ অর্থবছরে কোম্পানির ভিজিল্যান্স/বিপণন/রাজস্ব ডিভিশন কর্তৃক গ্যাস সংযোগ বিচ্ছিন্নের একটি পরিসংখ্যান নিম্নে দেয়া হল:

গ্রাহক শ্রেণি	গ্যাস কারচুপি/অবৈধ সংযোগের কারণে সংযোগ বিচ্ছিন্নের সংখ্যা	অনুমোদন অতিরিক্ত গ্যাস ব্যবহারের কারণে সংযোগ বিচ্ছিন্নের সংখ্যা	বকেয়া বিলের কারণে বিচ্ছিন্নের সংখ্যা	মোট
শিল্প	৪১	৭৫	১১৮	২৩৪
সিএনজি	০৩	০৩	০৬	১২
ক্যাপটিভ পাওয়ার	০৮	২৫	৩২	৬৫
বাণিজ্যিক	৬৭	২৯	২৮৫	৩৮১
আবাসিক	৬৩,১৮৮	৩২৫	৬,২৩১	৬৯,৭৪৪
			সর্বমোট	**৭০,৪৩৬**

বিপণন ও অপারেশনাল কার্যক্রম

সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ,

আলোচ্য অর্থবছরের বিপণন ও অপারেশনাল কার্যক্রমের একটি সংক্ষিপ্ত বিবরণী আপনাদের অবগতির জন্য উপস্থাপন করছি।

গ্যাস ক্রয় ও বিক্রয় :

কোম্পানির বিপণন ব্যবস্থায় গ্যাসের চাহিদা থাকলেও জাতীয় পর্যায়ে উৎপাদন ঘাটতি থাকায় পেট্রোবাংলার বরাদ্দ অনুসারে ২০১৭-১৮ অর্থবছরে গ্যাস ক্রয় ও বিক্রয়ের লক্ষ্যমাত্রা যথাক্রমে ১৭,০২৭.০০ ও ১৬,৬৮৬.৪৬ মিলিয়ন ঘনমিটার নির্ধারণ করা হয়। এর বিপরীতে প্রকৃত গ্যাস ক্রয় ও বিক্রয়ের পরিমাণ যথাক্রমে ১৭,১৫৪.৫২ ও ১৬,৯৬৩.১০ মিলিয়ন ঘনমিটার।

বিগত পাঁচ বছরের গ্রাহকভিত্তিক গ্যাস ক্রয়-বিক্রয়ের পরিসংখ্যান প্রদর্শিত হল :

(এমএমসিএম)

গ্রাহক শ্রেণি	২০১৩-১৪		২০১৪-১৫		২০১৫-১৬		২০১৬-১৭		২০১৭-১৮	
	ক্রয়	বিক্রয়	ক্রয়	বিক্রয়	ক্রয়	বিক্রয়	ক্রয়	বিক্রয়	ক্রয়	বিক্রয়
বিদ্যুৎ (সরকারি)	১,৮৫৫.২৪	১,৮৫০.৭৬	২,২২৪.২৮	২,১৩৬.২৮	১,৯৮৪.৫৫	১,৯২৯.৭৮	২,০৮৩.৭০	২,০৫২.৫৫	২,০০৮.৭০	১,৯৮৫.৮১
বিদ্যুৎ(বেসরকারি)	২,৭৮৩.৩৮	২,৭৭৩.৬৯	২,১৯৬.০৫	২,১০৩.৪৭	৩,১৮৫.৪৬	৩,০৯৯.৫৪	৩,১৫৩.১৮	৩,১১১.৫৪	৩,০৭৮.১৫	৩,০৩৯.৮৪
সার	৬৭৪.৭৯	৬৬৮.৯৪	৭৭৬.৩১	৭৪১.২৩	৬০৪.৪৬	৫৮৬.৬৭	৫১৪.৮৪	৫০৮.৯০	৩১৯.৩৮	৩১৪.৯৩
শিল্প	৩,৩৩১.৩৯	৩,৩১৭.৫১	৩,৬৩৭.২৮	৩,৫০০.১৫	৩,৭৩৫.১৮	৩,৬৩৪.৪১	৩,৮৫৩.৯১	৩,৮০৭.৪৯	৩,৯৬৮.০৮	৩,৯২৩.৩৮
ক্যাপটিভ পাওয়ার	৩,৪৮২.৮০	৩,৪৬৯.৯৭	৪,১১৭.৬৬	৩,৯৬১.০১	৩,৯৬০.৭৬	৩,৮৫৫.৭০	৩,৮৭৩.৭৫	৩,৮২৫.৪৮	৩,৮৯৮.৯৮	৩,৮৫৮.১২
সিএনজি	৬৮৪.৭১	৬৮৩.৮৯	৭৫৪.৬৫	৭২৭.১৬	৮২৩.২৭	৮০০.৯৫	৮০০.৩২	৭৯০.৬৯	৭৮৩.৬২	৭৭৫.২২
বাণিজ্যিক	১৪৯.৭৪	১৪৯.১৫	১৫০.০০	১৪৪.১০	১৪৮.৮৪	১৪৪.৬৯	১৩৬.০০	১৩৪.২৭	১২৮.৫৮	১২৬.৯৯
আবাসিক	১,৮২৬.৯৪	১,৮১৮.১৭	২,১৯১.২৪	২,১০৩.৪৫	২,৬০২.১২	২,৫৩১.৫৭	২,৮২১.১৩	২,৭৮৮.০৭	২,৯৬৯.০৩	২,৯৩৭.৪৬
মোট	১৪,৭৮৮.৯৯	১৪,৭৩২.০৮	১৬,০৪৯.৪৯	১৫,৪১৬.৮৭	১৭,০৪৪.৬৫	১৬,৫৮৩.৩৩	১৭,২৩৬.৮৩	১৭০১৮.৯৯	১৭,১৫৪.৫২	১৬,৯৬১.৭৫

* ২০১৭-১৮ অর্থবছরে ১.৩৫ এমএমসিএম গ্যাসের সমপরিমাণ কনডেনসেটসহ মোট বিক্রিত গ্যাসের পরিমাণ ১৬,৯৬৩.১০ এমএমসিএম। আলোচ্য অর্থবছরে ১.৯৬ এমএমসিএম গ্যাস নিজস্ব অপারেশনাল কার্যক্রমে ব্যবহার করা হয়েছে। উক্ত মোট বিক্রিত গ্যাসের পরিমাণ ১৬,৯৬৩.১০ এমএমসিএম হতে নীট ক্রয়কৃত ১৭,১৫৪.৫২ এমএমসিএম (মোট ক্রয়কৃত গ্যাস - নিজস্ব ব্যবহার) বাদ দিয়ে সিস্টেম লস হিসাব করা হয়েছে।

গ্যাস সরবরাহ এবং সরবরাহ পরিস্থিতি উন্নয়নে গৃহীত ব্যবস্থাদি :

বাংলাদেশে বর্তমানে ৬টি গ্যাস বিপণন কোম্পানি স্ব স্ব আওতাধীন এলাকায় পাইপলাইন নেটওয়ার্ক স্থাপনের মাধ্যমে গ্রাহকদের আঙ্গিনায় গ্যাস সরবরাহ করে থাকে। এর মধ্যে তিতাস গ্যাস ট্রান্সমিসন এন্ড ডিস্ট্রিবিউশন কোম্পানি দেশে মোট উৎপাদিত গ্যাসের প্রায় দুই-তৃতীয়াংশ বিপণন করছে।

বর্তমানে তিতাস নেটওয়ার্ক-এ দৈনিক কম-বেশি ১,৭০০ মিলিয়ন ঘনফুট গ্যাস সঞ্চালিত হচ্ছে। ফলে ঢাকা মেট্রোপলিটন এলাকায় বিভিন্ন শ্রেণির গ্রাহকদের গ্যাসের স্বল্পচাপ জনিত সমস্যা বহুলাংশে দূরীভূত হয়েছে। এছাড়া, গ্যাস ফিল্ডের উৎপাদন হ্রাস বা কম্প্রেসর বন্ধ হওয়ার কারণে গ্যাস সঞ্চালনের ঘাটতি হয়ে গ্যাসের চাপ হ্রাস পেলে তা মোকাবেলায় সকল ডিআরএস (DRS)/টিবিএস (TBS) সমূহে বাই-পাস (By-Pass) ব্যবস্থা অব্যাহত আছে। গ্যাসের মোট সরবরাহ প্রায় ৩,০০০ মিলিয়ন ঘনফুটে উন্নীত হওয়ায় কোম্পানিতে চাহিদা ও সরবরাহের মধ্যে ঘাটতি কিছুটা কমেছে। তদুপরি এখনও কোম্পানিতে ৫০০ এমএমসিএফডি গ্যাসের ঘাটতি রয়েছে। পবিত্র রমজান ও সেচ মৌসুমে সরকারের সিদ্ধান্ত অনুযায়ী বিদ্যুৎ উৎপাদন বৃদ্ধি এবং নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের লক্ষ্যে এ কোম্পানির আওতাধীন সকল বিদ্যুৎ কেন্দ্রে পর্যাপ্ত চাপে গ্যাস সরবরাহ চালু রাখা হয়েছে।

ইতোমধ্যে শ্রীপুর (গারারান)-জয়দেবপুর সিজিএস পর্যন্ত ২০" ব্যাস x ১০০০ পিএসআইজি x ৩০ কি. মি. গ্যাস সঞ্চালন পাইপলাইন নির্মাণ প্রকল্প এর কাজ সমাপ্ত হওয়ায় গাজীপুর-এর আওতাধীন কোনাবাড়ী, চন্দ্রা ও জিরাবো এলাকায় শিল্প গ্রাহকদের এবং মানিকগঞ্জ এলাকায় গ্যাসের সরবরাহ অনেকাংশে বৃদ্ধি পেয়েছে।

বিদ্যমান গ্যাসের চাহিদা পূরণের লক্ষ্যে প্রাথমিক পর্যায়ে দৈনিক প্রায় ৩০০ এমএমসিএফডি পরিমাণ এলএনজি মহেশখালীতে নির্মিত Floating Storage and Regasification Unit (FSRU)-এর মাধ্যমে জাতীয় গ্যাস সঞ্চালন গ্রীডে সরবরাহ করা হচ্ছে। আমদানীকৃত উক্ত এলএনজি জাতীয় গ্রীডে সরবরাহের পর তিতাস গ্যাস ট্রান্সমিসন এন্ড ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ এ দৈনিক গ্যাস সরবরাহ প্রায় ৭০ এমএমসিএফডি পরিমাণ বৃদ্ধি পাওয়ায় গ্রাহক পর্যায়ে গ্যাসের চাপ স্বল্পতা কিছুটা হ্রাস পেয়েছে। আগামীতে মহেশখালী-আনোয়ারা-ফৌজদারহাট এবং ফৌজদারহাট-ফেনী-বাখরাবাদ সঞ্চালন গ্যাস পাইপ লাইন দু'টির কাজ সমাপ্ত হলে গ্যাস সরবরাহ ব্যবস্থার যথেষ্ট উন্নতি হবে বলে আশা করা যায়। এছাড়া, দেশের ক্রমবর্ধমান গ্যাসের চাহিদা পূরণকল্পে এলএনজি আমদানীর লক্ষ্যে একাধিক FSRU ও Land Based Terminal নির্মাণের পরিকল্পনা বাস্তবায়নের কাজ পেট্রোবাংলার সার্বিক তত্ত্বাবধানে প্রক্রিয়াধীন আছে। একই সাথে Small Scale LNG আমদানীর বিষয়েও প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে।

এছাড়া, তিতাস গ্যাস অধিভুক্ত বিভিন্ন এলাকায় কিছু অসাধু ব্যক্তি কর্তৃক বিতরণ লাইন স্থাপন করে গ্যাস সংযোগ গ্রহণের ফলে কিছু কিছু এলাকায় গ্যাসের স্বল্পচাপ সমস্যা পরিলক্ষিত হচ্ছে। অবৈধভাবে স্থাপিত বিতরণ লাইন অপসারণসহ অবৈধ গ্যাস সংযোগ বিচ্ছিন্নকরণের মাধ্যমে গ্যাসের স্বল্পচাপ সমস্যা সমাধানের প্রচেষ্টা অব্যাহত আছে।

আর্থিক কার্যক্রম

সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ,

আমি এখন আলোচ্য অর্থবছরের আর্থিক কর্মকাণ্ডের একটি সংক্ষিপ্ত বিবরণ আপনাদের অবগতির জন্য উপস্থাপন করছি।

রাজস্ব ও আদায় :

আমি আনন্দের সঙ্গে জানাচ্ছি যে, ২০১৭-১৮ অর্থবছরে কোম্পানি মোট ১৬,৯৬১.৭৫ (কনডেনসেট ব্যতীত) মিলিয়ন ঘনমিটার গ্যাস বিক্রয় করে ১৪,০৩৭.৫৫ কোটি টাকা এবং মিটার ভাড়া ও সারচার্জসহ সর্বমোট ১৪,১৮৯.৯৩ কোটি টাকা রাজস্ব আয় করেছে, যার পরিমাণ ২০১৬-১৭ অর্থবছরে ছিল ১২,৫৫১.০৫ কোটি টাকা। এ খাতে প্রবৃদ্ধির হার ১৩.০৬ শতাংশ। ২০১৭-১৮ অর্থবছরে ১৪,১৮৯.৯৩ কোটি টাকা রাজস্ব আয়ের বিপরীতে বকেয়া রাজস্বসহ ১৩,৬৯৫.০০ কোটি টাকা আদায় হয়েছে, যা পাওনার তুলনায় ৪৯৪.৯৩ কোটি টাকা কম।

গ্রাহকভিত্তিক রাজস্ব পাওনা ও আদায়ের তথ্য নিম্নে দেখানো হল :

(কোটি টাকা)

গ্রাহক শ্রেণি	২০১৭-১৮			২০১৬-১৭		
	রাজস্ব পাওনা	আদায়	(কম)/বেশী	রাজস্ব পাওনা	আদায়	(কম)/বেশী
বিদ্যুৎ (সরকারি)	৬২৭.৫১	৫৮৮.৮৮	(৩৮.৬৩)	৫৯৫.৪০	৫৯৩.৬৪	(১.৭৬)
বিদ্যুৎ (বেসরকারি)	১,৩৪৮.৭৮	১,৩১৮.২১	(৩০.৫৭)	১,২০৮.৪৩	১,০৭৫.৬৬	(১৩২.৭৭)
সার	১১৯.৯৮	৮৫.৪৭	(৩৪.৫১)	১৩২.৪৪	১৩০.১৪	(২.৩০)
শিল্প	৩,০৩৪.১০	২,৯৪৩.৫৭	(৯০.৫৩)	২,৫৮৮.৫৭	২,৫২০.৫৪	(৬৮.০৪)
ক্যাপটিভ পাওয়ার	৩,৫৮৯.০২	৩,৪৪৮.০৩	(১৪০.৯৯)	৩,১৫৭.৬৭	৩,১৩৩.৭১	(২৩.৯৬)
সিএনজি	২,৫০৬.৪৯	২,৪৩৪.৯৪	(৭১.৫৫)	২,২৫৩.২২	২,১৮৯.১৫	(৬৪.০৭)
বাণিজ্যিক	২৩০.৯৯	২১৬.৪৬	(১৪.৫৩)	১৬৮.৩৯	১৬৪.০৮	(৪.৩১)
আবাসিক	২,৭৩৩.০৩	২,৬৫৯.৪১	(৭৩.৬২)	২,৪৪৬.৯২	২,০৮৩.৯৯	(৩৬২.৯৪)
সর্বমোট	**১৪১৮৯.৯৩**	**১৩,৬৯৫.০০**	**(৪৯৪.৯৩)**	**১২,৫৫১.০৫**	**১১,৮৯০.৯০**	**(৬৬০.১৫)**

আলোচ্য বছরে গ্যাস বিক্রয়ের তুলনায় আদায় কিছুটা কম হওয়ায় এবং বিক্রয় মূল্য বৃদ্ধি পাওয়ায় বকেয়ার পরিমাণ ৪৯৪.৯৩ কোটি টাকা বৃদ্ধি পেয়েছে। গ্রাহকদের নিকট থেকে বকেয়া অর্থ আদায়ের লক্ষ্যে ২০১৭-১৮ অর্থবছরে ১৭০টি মামলা (অর্থ, দেওয়ানী, ফৌজদারী, প্রশাসনিক, রীট ও অন্যান্য মামলাসমূহ) দায়ের করা হয়েছে ও ২৩৩টি মামলা নিষ্পত্তি হয়েছে। বিচারাধীন মামলার সংখ্যা ১,৩৩৫টি। ২০১৬-১৭ অর্থবছরে বিচারাধীন অর্থ মামলার সংখ্যা ছিল ১,৩৯৮টি। আলোচ্য অর্থবছরে মামলাধীন গ্রাহকগণের নিকট হতে ১৭.৬৮ কোটি টাকা আদায় হয়েছে, গত অর্থবছরে যার পরিমাণ ছিল ২৪.৩০ কোটি টাকা।

আর্থিক ফলাফল :

পূর্ববর্তী অর্থবছরের সঙ্গে তুলনামূলক আর্থিক ফলাফলের একটি চিত্র নিম্নে উপস্থাপন করা হল :

(কোটি টাকা)

বিবরণ	২০১৭-১৮	২০১৬-১৭	(হ্রাস)/বৃদ্ধি
পরিশোধিত মূলধন	৯৮৯.২২	৯৮৯.২২	-
রাজস্ব সঞ্চিতি	৫,৪৯৩.৭৯	৫,৩৭২.৪৩*	১২১.৩৬
দীর্ঘমেয়াদী দায়	১,৯৪৬.৫৬	১,৫৪৪.৫৬*	৪০২.০০
চলতি দায়	৬,৪০৫.০৩	৬,০২২.৯৬*	৩৮২.০৭
বিনিয়োগ	৪,৮২৫.২৫	৪,৬৫৬.৮১*	১৬৮.৪৪
স্থায়ী সম্পদ	১,৩৭২.৮৭	১,১৯৩.৫৩	১৭৯.৩৪
চলতি সম্পদ	৭,৭৩৭.০৪	৭,৫৪৩.৪০*	১৯৩.৬৪
বিক্রয় ও অন্যান্য পরিচালনা আয়	১৪,২১৬.০৬	১২,৫৭০.৫৬	১,৬৪৫.৫০
বিক্রিত পণ্যের ক্রয় মূল্য	১৩,৭১৩.০৪	১১,৮৪৪.৭৩	১,৮৬৮.৩১
মোট লাভ	৫০৩.০২	৭২৫.৮৪	(২২২.৮২)
প্রশাসনিক খরচ	৪৩৫.৩৪	৪০৮.৮৭	২৬.৪৭
ট্রান্সমিসন ও ডিস্ট্রিবিউশন খরচ	৯.৮৪	১৪.৮০	(৪.৯৬)
সুদখাতে আয় (নীট) ও অপরিচালনা আয়	৩৯৯.৮০	৩৯০.৬২*	৯.১৮
কর পূর্ববর্তী মুনাফা	৪৫৩.২০	৬৮১.৩৭	(২২৮.১৭)
কর পরবর্তী মুনাফা	৩৩৮.৯৯	৫০৬.৪৮	(১৬৭.৪৯)
শেয়ার প্রতি আয় (টাকা) মূলধনী আয়সহ	৩.৪৩	৫.১২	(১.৬৯)

* পূর্ববর্তী ২০১৬-১৭ অর্থবছরে Restated Balance দেখানো হয়েছে।

আলোচ্য বছরে করপরবর্তী নীট মুনাফা ৩৩৮.৯৯ কোটি টাকা Revenue reserve এ অন্তর্ভুক্ত এবং বিগত ২০১৬-১৭ অর্থবছরের ঘোষিত লভ্যাংশ ২১৭.৬৩ কোটি টাকা Revenue reserve হতে Current liabilities-এ স্থানান্তর করায় এ খাতে ১২১.৩৬ কোটি টাকা বৃদ্ধি পেয়েছে। দীর্ঘ মেয়াদী দায়ের মধ্যে স্থানীয় ও বৈদেশিক ঋণ ৫৪.৮৪ কোটি টাকা ও গ্রাহক জামানতের পরিমাণ ৩৬২.৩৩ কোটি টাকা বৃদ্ধি এবং Retirement obligations-এর দায় ১২.৬৬ কোটি টাকা হ্রাস পেয়ে সামগ্রিকভাবে এ খাতে ৪০২.০০ কোটি টাকা বৃদ্ধি পেয়েছে।

আলোচ্য বছরে স্থায়ী আমানতের পরিমাণ ১৬৮.৪৪ কোটি টাকা বৃদ্ধি পেয়ে ৪,৮২৫.২৫ কোটি টাকা হয়েছে। গ্যাসের মূল্য বৃদ্ধি এবং গ্যাস বিক্রয় রাজস্বের তুলনায় আদায় কম হওয়ায় দেনাদার খাতে বৃদ্ধির পরিমাণ ৪৯৪.৯৩ কোটি টাকা। ক্রয়মূল্য বৃদ্ধি পাওয়ায় পাওনাদার খাতে ১৯৭.৯১ কোটি টাকা বৃদ্ধি পেয়ে ৩,৪১৬.৫৪ কোটি টাকায় উপনীত হয়েছে।

আলোচ্য বছরে গ্যাস ক্রয় ও বিক্রয়ের পরিমাণ যথাক্রমে ৮২.৩১ এমএমসিএম ও ৫৫.৮৯ এমএমসিএম হ্রাস পেয়েছে। পদ্ধতিগত ক্ষতির পরিমাণ বিগত বছরের ১.৩৫% থেকে হ্রাস পেয়ে ১.১২% এ উপনীত হয়েছে। প্রশাসনিক ও অন্যান্য ব্যয় ২৬.৪৭ কোটি টাকা বৃদ্ধি পেলেও ট্রান্সমিসন ও ডিস্ট্রিবিউশন খরচ ৪.৯৬ কোটি টাকা হ্রাস পেয়েছে এবং অন্যান্য

অপারেশনাল আয় ও নন-অপারেশনাল আয় যথাক্রমে ৪.৮৭ কোটি টাকা হ্রাস ও ৯.১৮ টাকা বৃদ্ধি পেয়েছে। আলোচ্য বছরে স্থায়ী বিনিয়োগের পরিমাণ ১৬৮.৪৪ কোটি টাকা বৃদ্ধি পেলেও ব্যাংকের সুদের হার উল্লেখযোগ্য হ্রাস পাওয়ায় ব্যাংক সুদ খাতে ৬.১২ কোটি টাকা আয় হ্রাস পেয়েছে। উল্লেখ্য যে, বি-বাড়ীয়া ও আশুগঞ্জ অঞ্চল হস্তান্তরের বিপরীতে বিগত ২০১৬-১৭ অর্থবছরের ২২.৭৯ কোটি টাকা মূলধনী আয় খাতে হিসাবভুক্ত করা হয়েছিল, চলতি ২০১৭-১৮ অর্থবছরে যার পরিমাণ ৪৫.৫৯ কোটি টাকা। বিক্রয় ও অন্যান্য পরিচালনা আয় ১,৬৪৫.৫০ কোটি টাকা বৃদ্ধি পেলেও বিক্রিত পণ্যের ক্রয় মূল্য ১,৮৬৮.৩১ কোটি টাকা বৃদ্ধি পাওয়ার ফলে মোট লাভ ২২২.৮২ কোটি টাকা হ্রাস পেয়েছে। প্রশাসনিক ও অন্যান্য ব্যয় ২৬.৪৭ কোটি টাকা বৃদ্ধি পাওয়ায় কোম্পানির করপূর্ব ও করোত্তর মুনাফা উভয়ই ২২৮.১৭ কোটি টাকা ও ১৬৭.৪৯ কোটি টাকা হ্রাস পেয়ে যথাক্রমে ৪৫৩.২০ কোটি টাকা ও ৩৩৮.৯৯ কোটি টাকা হয়েছে। এতে শেয়ার প্রতি আয় বিগত বছরের ৫.১২ টাকা হতে হ্রাস পেয়ে ৩.৪৩ টাকা হয়েছে।

কর পূর্ব ও কর পরবর্তী নিট মুনাফা :

২০১৭-১৮ অর্থবছরে কোম্পানির অর্জিত কর পূর্ববর্তী ও কর পরবর্তী মুনাফার পরিমাণ যথাক্রমে ৪৫৩.২০ কোটি টাকা ও ৩৩৮.৯৯ কোটি টাকা, যার পরিমাণ গত বছরে ছিল ৬৮১.৩৭ কোটি টাকা ও ৫০৬.৪৮ কোটি টাকা। আলোচ্য বছরে শেয়ার প্রতি আয় ৩.৪৩ টাকা, যা গত বছরে ছিল ৫.১২ টাকা।

লভ্যাংশ :

কোম্পানির ৩৭তম বার্ষিক সাধারণ সভার অনুমোদন সাপেক্ষে পরিচালকমণ্ডলী কর্তৃক ২০১৭-১৮ অর্থবছরের জন্য ১০.০০ টাকা মূল্যমানের প্রতিটি শেয়ারের বিপরীতে ২৫% নগদ লভ্যাংশ প্রদানের সুপারিশ করা হয়েছে। অর্থাৎ ১০.০০ টাকা মূল্যমানের প্রতিটি শেয়ারের বিপরীতে ঘোষিত লভ্যাংশের পরিমাণ ২.৫০ টাকা। ২০১৭-১৮ অর্থবছরের জন্য অন্তর্বর্তীকালীন লভ্যাংশ হিসেবে কোন বোনাস শেয়ার বা স্টক ডিভিডেন্ড ঘোষণা করা হয়নি।

অল্প শেয়ারধারী শেয়ারহোল্ডারগণের স্বার্থ রক্ষা:

কোম্পানির পরিচালনা পর্ষদ অল্প শেয়ার ধারণ করছেন এমন শেয়ারহোল্ডারগণের স্বার্থ রক্ষার ব্যাপারে সচেতন। নীতি নির্ধারণকারী সংস্থা কর্তৃক গৃহীত যে কোন সিদ্ধান্তে এরকম শেয়ারহোল্ডারগণ যাতে কোনভাবে ক্ষতিগ্রস্ত না হন, সে বিষয়ে কোম্পানির পরিচালনা পর্ষদ সংশ্লিষ্ট সংস্থার সাথে সবসময় ফলপ্রসূ যোগাযোগ অব্যাহত রেখেছেন।

ত্রৈমাসিক ও বার্ষিক আর্থিক বিবরণীর মধ্যে উল্লেখযোগ্য পার্থক্য :

কোম্পানির ১ম, ২য় ও ৩য় ত্রৈমাসিক হিসাব প্রস্তুতের ক্ষেত্রে Deferred Tax Assets ও Deferred Tax Income বিবেচনা করা হয়নি। বর্ণিত ২০১৭-১৮ অর্থবছরের চূড়ান্ত হিসাব প্রস্তুতের ক্ষেত্রে Deferred Tax Income ও Deferred Tax Assets বিবেচনা করা হয়েছে এবং ৩০ জুন ২০১৮ তারিখ পর্যন্ত ১.৭২ কোটি টাকার Deferred Tax Assets Deferred Tax Liability-এর সাথে সমন্বয় করে দেখানো হয়েছে এবং ১৫.০৬ কোটি টাকার Deferred Tax Liabilities Revenue Reserve এর সাথে সমন্বয় করে দেখানো হয়েছে। ব্রাহ্মণবাড়ীয়া ও আশুগঞ্জ অঞ্চলের বিতরণ নেটওয়ার্ক হস্তান্তরের ফলে অর্জিত মূলধনী আয় ৪৫.৫৯ কোটি টাকা ২০১৭-১৮ অর্থবছরের ১ম, ২য় ও ৩য় ত্রৈমাসিক হিসাব প্রস্তুতের ক্ষেত্রে হিসাবভুক্ত করা না হলেও বর্ণিত অর্থবছরের চূড়ান্ত হিসাবে অর্ন্তভুক্ত করা হয়েছে।

আর্থিক বিবরণীর উপর নিরীক্ষকের মন্তব্য :

- নোট- ২৪ এ প্রদর্শিত দীর্ঘমেয়াদী দায়ের মধ্যে গ্রাহকদের নিরাপত্তা জামানত ১,৫১৯.৭৯ কোটি টাকা। জোন থেকে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে কোম্পানির প্রধান কার্যালয় গ্রাহকদের নিরাপত্তা জামানত কন্ট্রোল লেজার সংরক্ষণ করে থাকে। কিন্তু, জোন অফিসের লেজার স্থিতি হালনাগাদ না থাকায় নিরীক্ষাকালীন সময়ে আমরা জোন অফিসের হিসাবভুক্ত স্থিতির সাথে

উক্ত স্থিতি নিশ্চিত হতে পারিনি। এছাড়া, গ্রাহক ভিত্তিক কোন তালিকা বা বিবরণী পাওয়া যায়নি। ফলে, আমরা গ্রাহক বরাবর পত্র প্রেরণের মাধ্যমে স্থিতি নিশ্চিত করতে পারিনি।

- Actuary এর মাধ্যমে ৩০ জুন ২০১০ সালে সমাপ্ত বছর পর্যন্ত কোম্পানির অবসর তহবিলের জন্য প্রয়োজনীয় সঞ্চিতি ১৬০.০০ কোটি টাকা নির্ধারিত হয়। যার মধ্যে ২০১৪-১৫ সাল পর্যন্ত মাত্র ৫০.০০ কোটি টাকা সঞ্চিতি করা হয়েছে। ফলে, ২০০৯-১০ অর্থবছর পর্যন্ত অবসর তহবিলে সঞ্চিতির ঘাটতির পরিমাণ ১১০.০০ কোটি টাকা। অধিকন্তু, জানুয়ারী-২০১২ হতে ৩০ জুন ২০১৮ পর্যন্ত মূল বেতনের উপর ১২.৫% হরে সঞ্চিতি ধার্য করা হয়েছে। ২০১৮ সালের ৩০ জুন তারিখ পর্যন্ত কোম্পানি কর্তৃক অবসর তহবিলের প্রকৃত সঞ্চিতির পরিমাণ নির্ধারণের জন্য পরবর্তীতে Actuarial Valuation করা হয়নি। প্রতিবেদনের তারিখ অনুযায়ী ৩০ জুন ২০১৮ তারিখের নিরীক্ষিত আর্থিক বিবরণীতে অবসর তহবিল সঞ্চিতির পরিমাণ ৩০,০০,৬৩,৮৭৮ টাকা দেখানো হয়েছে। কিন্তু, আমরা মনে করি ৩০ জুন ২০১৮ তারিখে প্রয়োজনীয় সঞ্চিতির পরিমাণ আরও অধিক হওয়া উচিত, যা পর্যাপ্ত তথ্যের অভাবে নিরূপণ করা সম্ভব হয়নি।

- আর্থিক বিবরণীর নোট-৩৭ এ বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ এর নিকট বি.বাড়ীয়া এবং আশুগঞ্জ অঞ্চলের ভূমি, স্থাপনা, পাইপলাইন ইত্যাদি যাবতীয় সম্পদ বিক্রয়লব্ধ আয় ৪৫,৫৯,৪০,০০০ টাকা নিরীক্ষিত হিসাব বছরের অর্জিত আয় হিসাবে দেখানো হয়েছে। প্রকৃতপক্ষে, উক্ত আয় ৩০ জুন ২০১২ সালে সমাপ্ত বছরের সাথে সম্পর্কিত। ফলে, ৩০ জুন ২০১৮ সালে সমাপ্ত বছরের মুনাফা উক্ত সমপরিমাণ অর্থে অতিমূল্যায়িত হয়েছে।

- সংশ্লিষ্ট বৃহৎ গ্রাহকবৃন্দ (পাওয়ার-পিডিবি) কর্তৃক দেয় তারিখের পর পরিশোধিত বিলের উপর কোম্পানি সুদ জরিমানা আরোপ করে। উপরন্ত, কোম্পানি উক্ত গ্রাহকবৃন্দের উপর মিটার ভাড়া ধার্য করে থাকে। ৩০ জুন ২০১৮ পর্যন্ত এরূপ, সুদ ও মিটার ভাড়া বাবদ যথাক্রমে ৪৩.৭৩ কোটি টাকা এবং ৩১.৩৪ কোটি টাকা আয় অর্জিত গণ্য করা হয়েছে এবং নোট-১১ অনুযায়ী বিবিধ দেনাদার খাতে তা অন্তর্ভূক্ত আছে। অদ্যাবধি বর্ণিত অর্থ আদায় হয়নি। অনুসন্ধানে জানা যায়, তাদের ব্যবহৃত গ্যাসের বিল সময়মত না পাওয়ায় উক্ত গ্রাহকবৃন্দ বর্ণিত সুদ জরিমানা ও মিটার ভাড়া পরিশোধে আগ্রহী নয়, যা দীর্ঘদিন দেনাদার হিসাবে অন্তর্ভূক্ত আছে। ফলে, উক্ত প্রাপ্য সুদ জরিমানা ও মিটার ভাড়া আদায় যথেষ্ট সন্দেহজনক, যার বিপরীতে পূর্ণ সঞ্চিতি রাখা প্রয়োজন।

- আর্থিক বিবরণীর নোট- ৫৩ এ "সঞ্চালন এবং বিতরণ ব্যয়" খাতের অধীনে "সংযোগ বিচ্ছিন্নকরণ ও সিস্টেম লস হ্রাসকরণ ব্যয়" ২.০৬ কোটি টাকা দেখানো হয়েছে। প্রতিবেদনাধীন বছরে অবৈধ গ্যাস সংযোগ বিচ্ছিন্নকরণের জন্য এই অর্থ ব্যয় হয়েছে। এই বিবরণী হতে অনুমেয়, কোম্পানিতে অবৈধ গ্যাস সংযোগ আছে যার কারণে কোম্পানি প্রতিবছর যথেষ্ট পরিমাণ রাজস্ব হারাচ্ছে।

নিরীক্ষকের উপর্যুক্ত মন্তব্যের প্রেক্ষিতে কোম্পানির বক্তব্য :

- কোম্পানি শিল্প, ক্যাপটিভ, সিএনজি, বাণিজ্যিক, মিটারযুক্ত আবাসিক ও মিটার বিহীন আবাসিক গ্রাহকের নিরাপত্তা জামানতের সিডিউল অডিট চলাকালীন সময়ের মধ্যে সম্পন্ন করা সম্ভব না হলেও সম্পন্নের নিমিত্ত প্রক্রিয়া চলমান রয়েছে।

- প্রকৃত পেনশন দায় নিরূপণের জন্য Z. Halim & Associates-কে Actuary হিসেবে নিয়োগ দেয়া হয়েছে। প্রকৃত পেনশন দায় নিরূপনের বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে।

- কোম্পানি ব্রাহ্মণবাড়িয়া ও আশুগঞ্জ অঞ্চল সরকারি সিদ্ধান্ত মোতাবেক ১ জুলাই ২০১১ তারিখে বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড এর নিকট ২৬৮.২০ কোটি টাকা মূল্যে হস্তান্তর করে। এ অঞ্চলের স্থায়ী সম্পত্তির ক্রয় মূল্য ছিল ৪১.০৯ কোটি টাকা। ফলে বর্ণিত হস্তান্তরের বিপরীতে মূলধনী আয় ২২৭.১০ কোটি টাকা উদ্ভব হয়, যা ইতঃপূর্বে হিসাবে মূলধন সঞ্চিতি হিসেবে দেখানো হয়েছিল। চলতি ২০১৭-১৮ অর্থবছরের ৪৫.৫৯ কোটি টাকা আদায় হওয়ার প্রেক্ষিতে Income from capital gain হিসেবে হিসাবভুক্ত করা হয়েছে।

- বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (PDB) এর নিয়ন্ত্রনাধীন বিদ্যুৎ (সরকারি) গ্রাহকগণ তাদের বিলের সাথে অন্তর্ভুক্ত মিটার ভাড়া/সার্ভিস চার্জ এবং বেসরকারি বিদ্যুৎ শ্রেণির গ্রাহকদের মধ্যে কিছু সংখ্যক গ্রাহক বিলম্ব মাসুল পরিশোধ করা থেকে বিরত রয়েছেন। কোম্পানির তরফ হতে বর্ণিত পাওনা অর্থ পিডিবি ও সংশ্লিষ্ট বেসরকারি বিদ্যুৎ উৎপাদনকারী কোম্পানির নিকট হতে আদায়ের লক্ষ্যে একাধিকবার পত্র প্রেরণ করা হয়েছে। বর্তমানে উক্ত অর্থ আদায়ের প্রচেষ্টা অব্যাহত আছে।

- অবৈধ গ্যাস সংযোগ বিচ্ছিন্নকরণ ও বিতরণ লাইন অপসারণ কার্যক্রম পরিচালনার জন্য কেন্দ্রীয় টাস্কফোর্স, জেলা ও উপজেলা কমিটি গঠন করা হয়েছে। উক্ত কমিটি ও স্থানীয় প্রশাসনের সহযোগিতায় কোম্পানির উদ্যোগে ২০১৭-১৮ অর্থবছরে ২২৭টি অভিযান পরিচালনা করা হয়। উক্ত অভিযানে ৬১৩ কিলোমিটার অবৈধ পাইপলাইনের গ্যাস সংযোগ বন্ধ করা হয়েছে এবং ২,৫২,৫৬৬টি বার্ণারের সংযোগ বিচ্ছিন্ন করা হয়েছে। এছাড়াও, নিয়মিতভাবে বিপণন/রাজস্ব ডিভিশনসমূহের ভিজিল্যান্স কার্যক্রম চলমান রয়েছে।

অস্বাভাবিক লাভ/ক্ষতি:

সরকারি সিদ্ধান্তে কোম্পানির বি-বাড়ীয়া ও আশুগঞ্জ অঞ্চলের বিতরণ নেটওয়ার্ক গত ০১ জুলাই ২০১১ তারিখে বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ এর নিকট ২৬৮.২০ কোটি টাকায় হস্তান্তর করা হয়। উক্ত হস্তান্তরের ফলে ২২৭.১০ কোটি টাকা মূলধনী লাভ অর্জিত হয়। উক্ত মূলধনী আয়ের মধ্যে ২০১৭-১৮ অর্থবছরের ৪৫.৫৯ কোটি টাকা আদায় হওয়ায় তা কোম্পানির মূলধনী আয় হিসেবে হিসাবভুক্ত করা হয়েছে।

সংশ্লিষ্ট পক্ষের সাথে সম্পাদিত কার্যাদি:

চলতি অর্থবছরে কোম্পানি তার স্বাভাবিক কার্যাবলীর অংশ হিসাবে সংশ্লিষ্ট পক্ষের সাথে বহুবিধ লেনদেন সম্পূর্ণ করে। নিম্নে IAS-24 অনুযায়ী সংশ্লিষ্ট পক্ষের নাম এবং তাদের সাথে সম্পাদিত লেনদেন সমূহের প্রকৃতির একটি বিবরণী উপস্থাপন করা হলো :

কোটি টাকায়

পার্টির নাম	সম্পর্ক	লেনদেনের প্রকৃতি	চলতি অর্থবছরে নীট লেনদেন	৩০/০৬/১৮ তারিখের (দেনা)/পাওনা	৩০/০৬/১৭ তারিখের (দেনা)/পাওনা
পেট্রোবাংলা	নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ		১১,১১২.৭০	(২,৭৬৭.৫০)	(২,৩৪৯.৭০)
বাপেক্স	আন্তঃ কোম্পানি	গ্যাস ক্রয়	১৩৩.৮০	(৩১.৫০)	(৩৬.২০)
বিজিএফসিএল	আন্তঃ কোম্পানি	গ্যাস ক্রয়	২,২৪৭.৮০	(৫৫১.৯০)	(৭৬৬.৯০)
জিটিসিএল	আন্তঃ কোম্পানি	গ্যাস ট্রান্সমিশন	২৩১.৪০	(৬৫.৭০)	(৬৫.৮০)
বাপেক্স	আন্তঃ কোম্পানি	আন্তঃ কোম্পানি লোন	-	১৩.০০	১৩.০০
জিটিসিএল	আন্তঃ কোম্পানি	আন্তঃ কোম্পানি লোন	৩২০.৩০	৬৭১.৭০	৩৫১.৪০
			১৪,০৪৬.০০	(২,৭৩১.৮০)	(২,৮৫৪.২০)

পরিচালকমণ্ডলীর সম্মানীভাতা :

Independent Director সহ কোম্পানি বোর্ডের পরিচালকমণ্ডলী'কে বোর্ড সভায় উপস্থিতির ভিত্তিতে নির্দিষ্ট হারে সম্মানী প্রদান করা হয়।

সরকারি কোষাগারে অর্থ প্রদান :

তিতাস গ্যাস টি এন্ড ডি কোম্পানি লিঃ মুনাফা অর্জনের মাধ্যমে লভ্যাংশ প্রদান ছাড়াও সরকারি কোষাগারে নিয়মিত শুল্ক, কর পরিশোধ করে জাতীয় অর্থনীতিতে উল্লেখযোগ্য অবদান রেখে যাচ্ছে। আলোচ্য অর্থবছরে কোম্পানি ৫৫৮.৪৭ কোটি টাকা সরকারি কোষাগারে প্রদান করেছে।

বিগত পাঁচ বছরে সরকারি কোষাগারে তিতাস গ্যাসের আর্থিক অবদানের পরিসংখ্যান নিম্নে উল্লেখ করা হল :

(কোটি টাকা)

খাত	২০১৩-১৪	২০১৪-১৫	২০১৫-১৬	২০১৬-১৭	২০১৭-১৮
লভ্যাংশ	২৫৯.৬৭	২৮১.৯২	১১১.২৮	১৪৮.৩৮	১৬৩.২২
কর্পোরেট আয়কর	৩১১.৩৪	৩২৬.৭৯	৩৩৮.১০	৩৪৭.১৮	৩৪২.৮৯
ডিএসএল	৪৩.০২	২৫.০২	২৪.৯৭	২৪.৩২	২৪.২৮
আমদানী শুল্ক ও মূসক	১.৩৮	২৩.৫৩	৯.২৫	৭.৩৪	২৮.০৮
মোট	**৬১৫.৪১**	**৬৫৭.২৬**	**৪৮৩.৬০**	**৫২৭.২২**	**৫৫৮.৪৭**

গ্রাহকদের প্রত্যয়নপত্র প্রদান :

গ্রাহক হয়রানি পরিহার এবং বকেয়া পাওনার পরিমাণ নিশ্চিতকরণের স্বার্থে প্রতি পঞ্জিকা বছর শেষে কোম্পানি হতে সকল শ্রেণির গ্রাহকের নিকট প্রত্যয়নপত্র প্রেরণ করা হচ্ছে। সে মোতাবেক ৩১ ডিসেম্বর ২০১৭ পর্যন্ত সকল শ্রেণির গ্রাহকের নিকট "বকেয়া গ্যাস বিলের পরিমাণ"/"বকেয়া পাওনা নেই" ভিত্তিতে পাওনা হিসাব করে বিভিন্ন শ্রেণির গ্রাহককে মোট ৯,২০,৫৮৭টি প্রত্যয়নপত্র ইস্যু করা হয়েছে (১০০% গ্রাহক)।

প্রশাসনিক কার্যক্রম

সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ,

কোম্পানির সার্বিক উন্নতি নির্ভর করে দৃঢ় ও সুষ্ঠু প্রশাসনিক ব্যবস্থার উপর। গ্যাস সেক্টরের অগ্রদূত ও অন্যতম প্রধান বিপণন কোম্পানি হিসেবে তিতাস গ্যাস উন্নততর গ্রাহকসেবা প্রদানের গুরুত্ব অনুধাবন করে আগষ্ট ২০০৬-এ কোম্পানিতে একটি সংশোধিত সাংগঠনিক কাঠামো প্রবর্তন করা হয়েছে। এছাড়া, কোম্পানিতে কর্মচারী চাকরি প্রবিধানমালা-২০০৮ প্রবর্তন, কর্মকর্তা-কর্মচারীগণের পদোন্নতি যোগ্যতা মূল্যায়নের জন্য পদোন্নতির মানদণ্ড ও নীতিমালা প্রণয়ন, কোম্পানির কর্মকর্তা-কর্মচারীদের বিভিন্ন ঋণ/অগ্রিম প্রদানার্থে গৃহ নির্মাণ/জমি ক্রয়/ফ্ল্যাট ক্রয় ঋণ নীতিমালা-২০১০,এমপ্লয়ীজ ভ্রমণভাতা প্রবিধানমালা-২০১২ এবং কর্মকর্তা-কর্মচারীদের মোটর সাইকেল ক্রয় ঋণ নীতিমালা-২০১৪ প্রণয়ন করা হয়েছে। ২০১৭-১৮ অর্থবছরে কোম্পানির প্রশাসনিক কার্যক্রমের বিবরণ নিম্নে উপস্থাপন করা হল :

জনশক্তি :

কোম্পানির সাংগঠনিক কাঠামো-২০০৬ (পরবর্তীতে আংশিক সংশোধিত) অনুযায়ী মোট জনবল ৩,৭২৯ জনের মধ্যে কর্মকর্তার সংখ্যা ১,২০১ জন এবং কর্মচারীর সংখ্যা ২,৫২৮ জন। সংস্থানকৃত মোট জনবলের মধ্যে ৩০ জুন ২০১৮ পর্যন্ত ৯৩৭ জন কর্মকর্তা এবং ১,৩৪৫ জন কর্মচারী অর্থাৎ মোট ২,২৮২ জন কর্মরত ছিলেন। আলোচ্য অর্থবছরে মোট ৯৪ জন

কর্মকর্তা-কর্মচারী অবসর গ্রহণ করেন। এছাড়া, ১ জন কর্মকর্তা ও ২ জন কর্মচারীসহ মোট ৩ জন স্বেচ্ছায় অবসর গ্রহণ করেছেন। কোম্পানির বিধি মোতাবেক ২ জন কর্মকর্তা ও ৩ জন কর্মচারীকে বরখাস্ত করা হয়েছে। তাছাড়া ১৭ জন কর্মকর্তা-কর্মচারী মৃত্যুবরণ করেন। ২০১৭-১৮ অর্থবছরে মোট ১৪৯ জন কর্মকর্তাকে বিভিন্ন পদে পদোন্নতি প্রদান করা হয়েছে এবং ১৪৯ জন কর্মচারী নিয়োগ প্রদান করা হয়েছে।

মানব সম্পদ উন্নয়ন :

কর্ম পরিবেশের উন্নয়ন, জ্ঞান অর্জন ও প্রাপ্ত অভিজ্ঞতার সুষ্ঠু প্রয়োগের মাধ্যমে যে কোন প্রতিষ্ঠানের উৎকর্ষ সাধন করা সম্ভব। মানব সম্পদ উন্নয়নকল্পে বিভিন্ন ধরণের প্রশিক্ষণ এক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। বর্তমান সরকারের রূপকল্প ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নের অংশ হিসেবে মানব সম্পদ ব্যবস্থাপনা কার্যক্রমকে e-Software এর আওতাধীন HR Module-এ অন্তর্ভুক্তকরণ ও ই-ফাইলিং এর মাধ্যমে দাপ্তরিক কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে। কোম্পানির সর্বস্তরের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দের জ্ঞান, অভিজ্ঞতা ও কর্মদক্ষতা বৃদ্ধির লক্ষ্যে ২০১৭-১৮ অর্থবছরে কোম্পানির নিজস্ব অর্থায়নে স্বনামধন্য বিভিন্ন প্রতিষ্ঠান কর্তৃক দেশের অভ্যন্তরে ও দেশের বাহিরে বিভিন্ন ধরণের প্রশিক্ষণ/ওয়ার্কশপ/সেমিনার আয়োজন করা হয়েছে, যা নিম্নরূপ।

২০১৭-১৮ অর্থ বছরে দেশের অভ্যন্তরে প্রশিক্ষণ সংক্রান্ত তথ্য :

ক্রমিক নং	বিষয়	প্রশিক্ষণের সংখ্যা	প্রশিক্ষণ গ্রহণকারীর সংখ্যা
০১।	কারিগরী ও বিষয়ভিত্তিক প্রশিক্ষণ	১০০ টি	১,১০৭ জন
০২।	ইভিসি/আরএমএস মিটার/আচরণ ও শৃঙ্খলা/ ই-ফাইলিং ইত্যাদি বিষয়ে প্রশিক্ষণ	১১ টি	২৭৫ জন
০৩।	কারিগরী দক্ষতা বৃদ্ধি ও সমন্বয় সংক্রান্ত সেমিনার/ওয়ার্কসপ	০৫ টি	১৫০ জন
	মোট	১১৬ টি	১,৫৩২ জন

২০১৭-১৮ অর্থ বছরে বৈদেশিক প্রশিক্ষণ সংক্রান্ত তথ্য :

ক্রমিক নং	দেশের নাম	ক্যাডারভিত্তিক ও সমন্বিত বিষয়ভিত্তিক প্রশিক্ষণের সংখ্যা	প্রশিক্ষণ গ্রহণকারীরর সংখ্যা
১	ভারত	০২ টি	০২ জন
২	থাইল্যান্ড	০১ টি	০৯ জন
৩	মালয়েশিয়া	০৩ টি	৪৪ জন
৪	ইন্দোনেশিয়া	০১ টি	১৬ জন
৫	ভিয়েতনাম	০১ টি	১৩ জন
৬	জাপান	০৪ টি	০৮ জন
৭	যুক্তরাষ্ট্র	০১ টি	০১ জন
	মোট	১৩ টি	৯৩ জন

ব্যবস্থাপনা কর্তৃপক্ষ ও শ্রমিক সম্পর্ক :

কোম্পানির ব্যবস্থাপনা কর্তৃপক্ষ ও শ্রমিক সম্পর্ক খুবই সন্তোষজনক। তিতাস গ্যাস কর্মচারী ইউনিয়ন (রেজি. নং-বি ১১৯৩) সিবিএ-এর কার্যনির্বাহী পরিষদের নির্বাচন গত ১২ সেপ্টেম্বর ২০১৭ তারিখে সৌহার্দ্যপূর্ণ পরিবেশে অনুষ্ঠিত হয়। উক্ত কার্যনির্বাহী পরিষদ কর্মকর্তা-কর্মচারীদের মাঝে সম্পর্ক উন্নয়ন, বিভিন্ন সুযোগ সুবিধা আদায়, গ্রাহক সেবার মান উন্নয়ন, সিস্টেম লস হ্রাসকরণ ও বকেয়া রাজস্ব আদায় ইত্যাদি ক্ষেত্রে কোম্পানির ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে সার্বিক সহযোগিতা করছে।

শিক্ষা কার্যক্রম :

